ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



শাহরুখের বাড়ি ভীষণ ছোট মনে হয়েছিল গৌরীর মায়ের!

পৃঃ ৫



বাবরকে 'বিয়ে' করতে চান রমিজ রাজা

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ২২৪ ● কলকাতা ● ২৮ শ্রাবণ, ১৪৩০ ● সোমবার ● ১৪ আগস্ট, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা

## বাম-কংগ্রেস জোটের

# বোর্ড গঠন হতেই 'টার্গেট' তৃণমূল



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** রানিনগর ২নং পঞ্চায়েত সমিতিতে মোট আসন ২৭টি। তার মধ্যে বাম-কংগ্রেস জোট পায় ১৪টি, ১৩টি পায় তৃণমূল। তৃণমূলের জয়ী প্রার্থীরা কেউই শনিবার বোর্ড গঠন প্রক্রিয়ায় অংশগ্রহণ করেননি। সকলেই অনুপস্থিত ছিলেন। রানিনগর ২নং পঞ্চায়েত সমিতিতে নিরঙ্কুশ বোর্ড গঠন করে বাম-কংগ্রেস জোট।সভাপতি নির্বাচিত হন জোটের সুলতানা খাতুন ও সহ সভাপতি নির্বাচিত হন বিজেপির সুজিত পাত্র। তবে এদিন বোর্ড গঠনের আগেই উত্তপ্ত হয়ে উঠে বড়ঞা ব্লক অফিস চত্বর। বোর্ড গঠনের দিন যেকোনো অপ্রীতিকর ঘটনা এড়াতে আগে থেকেই ব্লক অফিস চত্বরে জারি ছিল করা পুলিশি নিরাপত্তা। তা সত্ত্বেও শাসক ও বিরোধী দলের বিক্ষুব্ধ গোষ্ঠীর কিছু জয়ী সদস্যরা ব্লক অফিসে ঢুকতেই দুপক্ষের মধ্যে সংঘর্ষ বাধে। ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়ায়। অবৈধ জমায়েত সরাতে পুলিশ লাঠিচার্জ করে। কংগ্রেস প্রার্থীদের গাড়ি ভাঙচুরের অভিযোগ ওঠে তৃণমূলের বিরুদ্ধে। বড়ঞা থানার বিশাল পুলিশ বাহিনী এসে পরিস্থিতি সামাল

এরপর ৩ পাতায়

## সন্ত্রাসবাদের নয়া ব্যাখ্যা কেন্দ্রের, ধরা পড়লে

# যাবজ্জীবন-ন্যূনতম ১০ লাখ জরিমানা, মিলবে না প্যারোলও



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** কেন্দ্র সরকার প্রস্তাবিত নয়া ভারতীয় ন্যায় সংহিতায় সন্ত্রাসবাদকে আরও কড়া হাতে দমন করার উদ্যোগ। ভারতীয় দণ্ডবিধির বদলে নতুন যে ন্যায় সংহিতা চালু হচ্ছে, তাতে সন্ত্রাসবাদকে 'বিশেষ অপরাধে'র তকমা দেওয়া হয়েছে। সন্ত্রাসবাদের নতুন ব্যাখ্যা দেওয়া হয়েছে।উল্লেখ্য, সংসদের বাদল অধিবেশনের শেষ দিন ব্রিটিশ আমলের তিন ফৌজদারি আইনে বদল আনার লক্ষ্যে বিল পেশ করেছে কেন্দ্র। ইন্ডিয়ান পেনাল কোড (ভারতীয় দণ্ডবিধি), কোড অফ ক্রিমিন্যাল প্রসিডিউর (সিআরপিসি) এবং ভারতীয় সাক্ষ্য আইন বা ইন্ডিয়ান এভিডেন্স অ্যাক্টের পরিবর্তে তিনটি নতুন আইন চালুর লক্ষ্যে শুক্রবার তিনটি বিল এনেছেন স্বরাষ্ট্রমন্ত্রী। ইন্ডিয়ান পেনাল কোড বদলে হবে ভারতীয় ন্যায় সংহিতা। তাতেই সন্ত্রাসবাদ নিয়ে নয়া বিধান দেওয়া হয়েছে।সেই সঙ্গে দেওয়া হয়েছে নয়া শাস্তির বিধানও।

ভারতীয় ন্যায় সংহিতায় সন্ত্রাসবাদকে ব্যাখ্যায়িত করতে গিয়ে বলা হয়েছে, ভারতে বা ভারতের বাইরে যদি কেউ এমন কোনও কার্যকলাপ চালায় যাতে ভারতের একতা, অখণ্ডতা এবং জাতীয় সুরক্ষায় আঘাত লাগে অথবা এমন কোনও কাজ করে যা সাধারণ মানুষ বা সমাজের কোনও একটি অংশের ভাবাবেগকে উসকে দেয়, বা আইনশৃঙ্খলার অবনতি ঘটানোর চেষ্টা করে, তাহলে সেটাকে সন্ত্রাসবাদ বলা হবে। ওই ব্যাখ্যায় আরও বলা হয়েছে, বোমা, ডিনামাইট, অন্য কোনও বিস্ফোরক, বা অন্য কোনও মারণাস্ত্র বা ধারালো অস্ত্র ব্যবহার করে অথবা কোনও জৈব অস্ত্র, রাসায়নিক অস্ত্র, কোনও বিষ বা বিষাক্ত গ্যাস ব্যবহার করে যদি ভীতির পরিবেশ তৈরি

এরপর ৩ পাতায়


## নাবালক যাদবপুরের মৃত ছাত্র,


# পকসো আইনে মামলার পথে শিশু সুরক্ষা কমিশন



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ১৮ বছর হয়নি যাদবপুরের বাংলা বিভাগের মৃত পড়ুয়ার। সে কারণেই এবার পকসো আইনে মামলা হবে বলে জানালেন শিশু সুরক্ষা কমিশনের উপদেষ্টা অনন্যা চক্রবর্তী। এদিনই মৃত ছাত্রের মামার বাড়িতে এসে তাঁদের সঙ্গে কথা বলেন অনন্যা দেবী। তাঁর সূত্রেই জানতে পেরেছেন যাদবপুরের প্রথমবর্ষের ওই ছাত্র নাবালক ছিল।অন্যন্যা দেবীর দাবি, ২০১৮ সালে ততকালীন উপাচার্য সুরঞ্জন দাস সিসিটিভি বসাতে চেয়েছিলেন। কিন্তু, ক্যাম্পাসের 'দাদা' ও অধ্যাপকদের চাপেই তিনি তা করতে পারেননি। রীতিমতো ক্ষোভের সুরে অন্যন্যা দেবী বলেন, "সুরঞ্জন দাস সিসিটিভি বসাতে চেয়েছিলেন। কিন্তু কেউ বসাতে দেননি। ওখানকার অধ্যাপক, ছাত্ররা প্রতিবাদ করেছিল এই সিদ্ধান্তের। উল্টে ওনাকে হেয় করা হয়েছিল। আজ সিসিটিভি থাকলে অন্তত এটা জানা যেত ওই হস্টেলে কে বা কারা ঢুকছে, বের হচ্ছে।"শীঘ্রই এ কথা পুলিশকে জানানো হবে বলে জানিয়েছেন তিনি। সেই অনুযায়ী এবার তদন্ত হবে। ঘটনা গ্রেফতার হওয়া ছাত্রদের বিরুদ্ধেও হবে

এরপর ৩ পাতায়



## কয়েক ঘণ্টা আগে মোদি নিশানা করেছিলেন,

# তারপরেই মমতা 'এক হাত' নিলেন কেন্দ্রকে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলার পঞ্চায়েত ভোটের সন্ত্রাসের অভিযোগ শনিবার সকালেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির গলায় উঠেছে। আর তার কয়েক ঘণ্টার মধ্যেই রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অডিও বার্তা প্রকাশ্যে এসেছে। যেখানে কেন্দ্রের বিভিন্ন দুর্নীতি নিয়ে সরব হতে দেখা গেছে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে।মমতা বন্দ্যোপাধ্যায়ের এদিন আরও অভিযোগ করেন "নোট বাতিল করা হয়েছে নোট বন্দির নামে। আপনি নিজের এবং নিজের পার্টির স্বার্থে ২০০০ টাকার নোট বাতিল করেছেন।আপনি সবসময় মানুষকে বোকা ভাববেন না। কিছু সময় মানুষকে বোকা বানানোর যায় কিন্তু সব সময় আপনি মানুষকে বোকা বানাতে পারবেন না।"মুখ্যমন্ত্রী এদিন আরও বলেন "আপনি আগে নিজের চেহারা দেখুন।আপনি নিজেদের দুর্নীতি পরায়ন লোকেদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেন না। যারা মহিলাদের অসম্মান করে, যারা কুস্তিগীরদের বিরুদ্ধে অন্যায় করে,যারা মনিপুরে অন্যায় করে, সব জায়গায় যারা বিশৃঙ্খলা তৈরি করে তাদের কেউ আপনি রাজনৈতিক বাতাস দিয়ে চলেছেন।"যা দেখে রাজনৈতিক মহল মনে করছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শনিবারের বক্তব্যেই পাল্টা আক্রমণ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শনিবার অর্থাত এদিন বিজেপির পূর্বাঞ্চলীয় পঞ্চায়েতিরাজ সম্মেলনের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ভার্চুয়ালি বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

পূর্ব মেদিনীপুরের কোলাঘাটে এই সম্মেলন চলছে। সম্মেলনের উদ্বোধনী বক্তৃতায় মোদী বাংলার পঞ্চায়েত ভোটে তৃণমূলের বিরুদ্ধে কার্যত সন্ত্রাসের অভিযোগ তোলেন। তার কয়েক ঘণ্টার মধ্যেই মমতা বন্দ্যোপাধ্যায়ের একটি অডিও বার্তা প্রকাশ্যে আসে।

অডিও বার্তায় মমতা বন্দ্যোপাধ্যায় বলেন টিম ইন্ডিয়া প্রসঙ্গে তিনি প্রমাণ ছাড়া যা ইচ্ছা তাই বলে যাচ্ছেন। তিনি চাইছেন গরিব মানুষ মারা যাক। দেশের মৃত্যু হোক। সাধারণ মানুষ দুর্ভোগে থাকুক। শুধুমাত্র বিজেপি থাকবে। তিনি তার মতাদর্শ নিয়ে মানুষের কাছে পৌঁছাতে পারছেন না।"এরপরেই দুর্নীতির কথাও উল্লেখ করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।তিনি বলেন " আপনি কখনই দুর্নীতির অভিযোগ তুলতে পারেন না। কারন আপনি নিজেই অনেক বিষয় ঘিরে আছেন। যেমন পিএম কেয়ার ফান্ড,রাফাল চুক্তি, দেশের প্রতিরক্ষা কারখানা বিক্রি করে দিচ্ছেন,রাষ্ট্রত্ব সংস্থা বিক্রি করে দিচ্ছেন।"

## রাজভবন জাদুঘর হোক: মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিজেপি আমলে রাজ্যপালেরা সমান্তরাল সরকার চালাচ্ছেন বলে ফের অভিযোগ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শনিবার তিনি বলেন, "রাজ্যপালের রাজ্য নেই। পালের গোদা রয়েছেন!" সেই সূত্রেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উদ্দেশে তাঁর দাবি, ''রাজভবনগুলিকে মিউজ[]য়িাম করে দেওয়া হোক। ব্রিটিশ আমলে রাজভবনের (রাজ্যপালের) প্রয়োজন ছিল।রাজ্যপাল প্রসঙ্গে সিপিএমের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেন, "মুখ্যমন্ত্রী জানেন না যে ব্রিটিশ আমলে রাজ্যপাল পদটা ছিল না। ইতিহাসের চর্চা থাকলে এমন ভুলভাল কথা বলতেন না। এখন বলছেন, রাজ্যপাল পদের দরকার নেই। এটা তো আমাদের কথা। উনি তো কখনও বলেননি। আবার সেই ধার করছেন!" তাঁর কটাক্ষ, ''আপনি তো চেয়েছিলেন হাতেখড়ি দিতে। আপনার হাতেখড়িতে বদহজম হয়েছে।"এখন আর কোনও প্রয়োজন নেই।" বিজেপি অবশ্য রাজ্যপাল পদ তুলে দেওয়ার দাবিকে 'অগণতান্ত্রিক ও সংবিধানবিরোধী' বলে উল্লেখ করেছে।

রাজ্যের প্রশাসন নিয়ে ধারাবাহিক বিরোধের মতোই রাজ্যপালের বিরুদ্ধে আক্রমণকে ক্রমশ ধারালো করছেন মুখ্যমন্ত্রী। এ দিন তিনি বলেন, "রাজ্যপালেদের দিয়ে সমান্তরাল সরকার চালানো

এরপর ৩ পাতায়

## নাড্ডা-মহাগুরু বৈঠক! নিউটাউনের হোটেলে

# মিঠুনের সঙ্গে একান্তে কথা নাড্ডার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নাড্ডা-মহাগুরু বৈঠক! বঙ্গ সফরে এসে কলকাতার নিউটাউনের হোটেলে মিঠুন চক্রবর্তীর সঙ্গে একান্তে বৈঠক করলেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা। খবর বিজেপি সূত্রের।গত বিধানসভা নির্বাচনের আগে মিঠুন চক্রবর্তীকে গেরুয়া শিবিরের একাধিক প্রার্থীর সমর্থনে রাজ্যের বিভিন্ন প্রান্তে প্রচারে যোগ দিতে দেখা গিয়েছিল। বছর ঘুরলেই লোকসভা ভোট। দিল্লির মসনদ দখলের লড়াই। এবার সেই প্রেক্ষাপটে বঙ্গে কি ফের সক্রিয় ভূমিকা নিতে দেখা যাবে তাঁকে? জে পি নাড্ডার সঙ্গে মিঠুন চক্রবর্তীর সাক্ষাতের পরে এই প্রশ্নই এখন ঘুরপাক খাচ্ছে নানা মহলে।গত শনিবার রাতে বঙ্গ বিজেপির কোর কমিটির অন্যতম সদস্য মিঠুন চক্রবর্তীও উপস্থিত ছিলেন জেপি নাড্ডার সাংগঠনিক বৈঠকে।বিজেপি সূত্রের খবর, জেপি নাড্ডা মিঠুন চক্রবর্তীকে লোকসভা ভোটে বাংলায় বেশি সময় দেওয়ার জন্য আবেদন জানিয়েছেন। দলের সর্বভারতীয় সভাপতির সঙ্গে বৈঠকে মিঠুন চক্রবর্তী জানিয়েছেন, দলের নির্দেশ মতো তিনি কাজ করবেন। দল যা নির্দেশ দেবেন তিনি তা পালন করতে প্রস্তুত।

পঞ্চায়েত ভোটের আগে জেলায় জেলায় প্রচার থেকে সাংগঠনিক বৈঠক করতে দেখা গিয়েছিল মিঠুন চক্রবর্তীকে। এবার কি তাহলে লোকসভা ভোটের আগেও রাজ্যে ২০২৪-কে পাখির চোখ করে সক্রিয় রাজনীতিতে দেখা যাবে 'মহাগুরু'কে? মিঠুন চক্রবর্তীর সঙ্গে বাংলা ও বাঙালি আবেগ জড়িয়ে, রাজনৈতিকভাবে সেই বিষয়টাকেই কাজে লাগাতে চাইছে পদ্ম শিবির। তেমনটাই মত রাজনৈতিক মহলের।

## আগে সংগঠন মজবুত করুন, পরে ভাষণ দেবেন...'

# দলের নেতাকর্মীদের পরামর্শ শুভেন্দুর



**কলকাতা: নিউজ সারাদিন :** বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডার উপস্থিতিতেই প্রকাশ্যে দলের কর্মী, সমর্থক এবং নেতাদের কার্যত পরামর্শ দিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। শুভেন্দু অধিকারীর এই পরামর্শকে নিয়েই দলের অন্দরে পড়ে গিয়েছে শোরগোল।এদিন জে পি নাড্ডার উপস্থিতিতে সন্ধেয় কলকাতার নিউ টাউনের হোটেলে বঙ্গ বিজেপির কোর কমিটির সাংগঠনিক বৈঠকে শুভেন্দু অধিকারীর গরহাজির থাকা নিয়েও জোর চর্চা শুরু হয়েছে। বলা বাহুল্য, শুভেন্দু অধিকারীর বক্তব্য শেষ হওয়ার পর সভার প্রধান বক্তা হিসেবে বিজেপি সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা, অভিষেক বন্দ্যোপাধ্যায় থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন সরকারের পাশাপাশি তীব্র ভাষায় শাসকদল তৃণমূল কংগ্রেসকে নিশানা করেও আক্রমণ শানান।কী সেই পরামর্শ ? প্রকাশ্য সভায় এদিন শুভেন্দু অধিকারী বলেন, "নিজের এলাকার সংগঠন শক্তিশালী করুন।আমি একজন পঞ্চায়েত এলাকার ভোটার। নন্দীগ্রামের নন্দনায়কবাড় বুথে বিজেপির প্রার্থী দিয়েছিলাম। তিনি জিতেছেন। নন্দীগ্রামের ১৭টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ১১টি-তে বিজেপির প্রধান। পূর্ব মেদিনীপুর জেলায় ৮৪টি বিজেপির প্রধান হয়েছে। নিজের এলাকার কর্তৃত্ব নিজের হাতে রেখে সংগঠনকে মজবুত করতে হবে। শুধু মঞ্চে ভাষণ দিয়ে বড় বড় কথা বললে হবে না। নিজের বুথ জিততে হবে। নিজের এলাকা জিততে হবে। নিজের বিধানসভা এলাকাতেও জিততে হবে। তারপর ভাষণ দিতে হবে। চ্যারিটি বিগিনস অ্যাট হোম।"

শুভেন্দু যখন মঞ্চে এই বক্তব্য রাখেন তখন সেই মঞ্চেই হাজির ছিলেন জে পি নাড্ডা, সুকান্ত মজুমদার, দিলীপ ঘোষ-সহ বঙ্গ বিজেপির নেতাদের পাশাপাশি কেন্দ্রীয় পর্যবেক্ষক রাও। সদ্য সমাপ্ত পঞ্চায়েত ভোটে জেলায় জেলায় বিজেপির আশানুরূপ ফল না হওয়ার নেপথ্যে শুধুমাত্র শাসকদল তৃণমূল কংগ্রেসের সন্ত্রাসের অভিযোগই নয়, অন্যতম কারণ হিসেবে নড়বড়ে সংগঠনকেই দায়ী করেছেন রাজনৈতিক বিশ্লেষকদের একাংশ। বছর ঘুরলেই লোকসভা ভোট। তার আগে এবার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর মুখে ভাষণ না দিয়ে সংগঠন শক্তিশালী করার পরামর্শ রাজনৈতিকভাবে যথেষ্টই তাতপর্যপূর্ণ বলেই মনে করছেন ওয়াকিবহল মহল।

শনিবার সায়েন্স সিটি অডিটোরিয়ামে বঙ্গ বিজেপি আয়োজিত গণতন্ত্র প্রতিষ্ঠা সংকল্প সভায় আয়োজন করা হয়েছিল। বিজেপির কর্মী সমর্থক নেতৃত্ব ছাড়াও পঞ্চায়েত ভোটে দলের প্রার্থী ও ভোটে অশান্তির ঘটনায় 'আক্রান্ত' ও 'ঘরছাড়াদের' উপস্থিতিতে এই সভায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগত প্রকাশ নাড্ডা। এই সভাতেই রাজ্য বিজেপির তরফে সভাপতি সুকান্ত মজুমদারের পর বক্তব্য পেশ করেন শুভেন্দু অধিকারী। সেখানে দলীয় কর্মী সমর্থকদের উদ্দেশ্যে তিনি এই প্রশ্নও করেন, "আপনারা সব আসনে প্রার্থী দিতে পেরেছিলেন?" তারপরেই দলের একাংশকে একপ্রকার নিশানা করে শুভেন্দুর সংযোজন, " ভাষণ নয়, আগে সংগঠন মজবুত করুন, তারপর ভাষণ দেবেন।"

## যাদবপুরের ঘটনা প্রসঙ্গে

# নিজের অজানা অতীত শোনালেন ফিরহাদ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** স্বপ্নদীপ কুণ্ডুর ঘটনায় শোকপ্রকাশ করে কলকাতার মেয়র বলেন, এমন ঘটনা সত্যিই অত্যন্ত দুঃখজনক। মানসিক হতাশাতেও এমন কোনও পদক্ষেপ কাম্য নয়। নদিয়ার বগুলা থেকে অনেক স্বপ্ন নিয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে পড়তে আসা ছেলেটির জন্য কষ্টে বুক ফেটে যাচ্ছে তাঁর। তিনি নিজেও বাবা, তাই সন্তানহারা বাবা মায়ের দুঃখ তিনি অনুভব করতে পারছেন। এরকম কোনও বিরূপ পরিস্থিতি হলে কী করা উচিত, সেই নিয়েও নিজের ছোট মেয়ের সঙ্গে আলোচনা করেছেন বাবা ফিরহাদ। মেয়েকে তিনি বুঝিয়েছেন। আশ্বস্ত করেছেন যাই হয়ে যাক, পরিবার পাশে থাকবে। এরকম অনভিপ্রেত কোনও পরিস্থিতি হলে সব ছেড়ে বাবা মায়ের কাছে ফিরে আসার পরামর্শ মেয়েকে দিয়েছেন বলে জানান কলকাতার মেয়েকে। একইসঙ্গে তিনি বলেন, এমন ঘটনা থেকে শিক্ষা নিয়ে মা-বাবার বাচ্চাদের সঙ্গে কথা বলা উচিত। তাদের সাহস যোগানো দরকার। নিজেদেরই কাউন্সেলিং করা উচিত।স্বপ্নদীপের মতো তাঁর কন্যাও উচ্চশিক্ষার জন্য বাড়ি থেকে দূরে গিয়ে হস্টেলে থেকে পড়াশুনা করবেন বলে ঠিক করেছেন। তাই মেয়েকে নিয়ে দুশ্চিন্তা দানা বেঁধে তাঁর মনে।

তিন কন্যাসন্তানের পিতা ফিরহাদ হাকিম। সম্প্রতি ফিরহাদ হাকিমের ছোট মেয়ে আফশা হাকিম এলএলবি পাশ করেছেন।আইনে আরও উচ্চ ডিগ্রি নিয়ে পড়তে কয়েকদিনের মধ্যেই নামজাদা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবেন। বাড়ি থেকে দূর হওয়ায় ফিরহাদ কন্যাকেও হস্টেলে থেকে নিজের বাকি পড়াশুনা শেষ করবেন। যাদবপুরের ঘটনা বাবা-মেয়ে দুজনের মনেই গভীর প্রভাব ফেলেছে। আফশার সঙ্গে এই নিয়ে আলোচনাও করেছেন বলে জানান ফিরহাদ। তিনি বলেন, কদিন বাদে তাঁর মেয়েও হস্টেলে থাকবে। তাই এই ঘটনা শোনার পর ভিতরে ভিতরে তিনিও অস্থির হয়ে গিয়েছেন।

## নিহত তৃণমূল নেতার গাড়ির চালক আটক,

# জিজ্ঞাসাবাদ ২ সিভিক ভলান্টিয়ারকে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হাড়োয়া তৃণমূল নেতা খুনের ঘটনায় আটক চালক। কর্তব্যারত দুই সিভিক ভলান্টিয়ারকে মুখোমুখি জেরা। পাশাপাশি ঘটনাস্থল থেকে রক্তের নমুনা সংগ্রহ করল পুলিশ। এদিকে তৃণমূল নেতার মৃত্যুকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়িয়েছে। স্থানীয়েরা দুষ্কৃতীদের একটি বাইক জ্বালিয়ে দিয়েছেন বলে জানা গিয়েছে। এছাড়াও ভাঙচুর চালানো হয় একটি অটোতেও।শনিবার গভীর রাতে একদল দুষ্কৃতীর গুলিতে নিহত হয়েছেন হাড়োয়ার তৃণমূল নেতা সেখ সাহেব আলি। বসিরহাটের হাড়োয়া থানার খাসবালান্দা গ্রাম পঞ্চায়েতের এবারের জয়ী প্রার্থী তথা তৃণমূল কংগ্রেসের হাড়োয়া ১ নম্বর ব্লকের ক্ষেত মজুর সংগঠনের সভাপতি সেখ সাহেব আলি খুন হন।তিনি এ বারের পঞ্চায়েত ভোটে প্রার্থীও হয়েছিলেন। দলের টিকিটে জয়ী হন। এই ঘটনাকে কেন্দ্র করে গতকাল রাত থেকে ব্যাপক চাঞ্চল্য ছাড়িয়েছে এলাকায় পুলিশের সামনে দেহ আটকে রেখে রাস্তার উপরেই বিক্ষোভ দেখান মৃতের পরিবারের সদস্যেরা। বিক্ষোভ চলে রাত আড়াইটে পর্যন্ত।

ঘটনার তদন্তের স্বার্থে পুলিশ শেখ সাহেব আলির বাইক চালককে আটক করেছে। জিজ্ঞাসাবাদ করা হচ্ছে তাঁকে। এছাড়াও ঘটনাস্থলে সামলা বাজার এলাকায় দুই কর্তব্যরত সিভিক ভলান্টিয়ারকে আটক করেছে পুলিশ। এদিন হাড়োয়া থানায় মুখোমুখি বসিয়ে জেরা করছে পুলিশ আধিকারিকরা। পাশাপাশি ঘটনাস্থলে গিয়ে রক্তের নমুনাও সংগ্রহ করে নিয়ে যাওয়া হয়েছে বসিরহাট পুলিশ জেলার পুলিশ আধিকারিকদের তরফে।মৃতের কন্যা সিমরন পরভিন বলেন, রাজনৈতিক কারণে আমার বাবাকে খুন করা হল। বাবাকে দলীয় পদ থেকে সরানোর জন্য এই কাজ করা হয়েছে।

সাহেব আলির মৃত্যুতে তাঁর পরিবারে নেমে এসেছে বিষাদের ছায়া। শেখ সাহেব আলির পরিবারের অভিযোগ, পরিকল্পনা করে দুষ্কৃতীরা সাহেব আলিকে খুন করেছে। পরিবারের আরও দাবি, কুখ্যাত দুষ্কৃতীকে গ্রেফতার করে উপযুক্ত শাস্তি দিতে হবে। কী ভাবে মেয়েদের মানুষ করব, জানি না। পাশাপাশি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে আবেদন করেছেন সরকারি চাকরির জন্য।

চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

১-ম পাতার পর

## সন্ত্রাসবাদের নয়া ব্যাখ্যা কেন্দ্রের, ধরা পড়লে যাবজ্জীবন-ন্যূনতম ১০ লাখ জরিমানা, মিলবে না প্যারোলও

করা হয় বা ভীতির পরিবেশ সৃষ্টি করার উদ্দেশে কারও প্রাণনাশের চেষ্টা করা হয়, সেটাও সন্ত্রাসবাদ।

সন্ত্রাসবাদের এই নয়া ব্যাখ্যা আগের থেকে অনেক ব্যাপক। সন্ত্রাসবাদের ব্যাখ্যার মধ্যে এবার জৈব অস্ত্র এবং বিষাক্ত গ্যাসের ব্যবহারের পাশাপাশি কোনও সম্পদ নষ্ট বা কোনও ধর্মীয় ভাবাবেগে আঘাত করাকেও যুক্ত করা হয়েছে। যা আগে ছিল না। এর পাশাপাশি সন্ত্রাসবাদের শাস্তিও বাড়ানো হয়েছে। নতুন আইনে বলা হয়েছে, সন্ত্রাসবাদের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড এবং যাবজ্জীবন কারাদণ্ড। সন্ত্রাসবাদের অভিযোগে ধৃতদের ন্যূনতম জরিমানা ধার্য হয়েছে ১০ লক্ষ। এমনকী জেল হলে প্যারোলও দেওয়া হবে না তাঁকে। ওই বিলে বলা হয়েছে, কোনও ব্যক্তি যদি সরাসরি সন্ত্রাসবাদে যুক্ত নাও থাকে, কিন্তু এমন কোনও সংগঠনের সঙ্গে যুক্ত থাকে যা সন্ত্রাসবাদে যুক্ত, তাদেরও যাবজ্জীবন কারাদণ্ড পর্যন্ত হতে পারে। তারও জরিমানা করা হতে পারে ৫ লক্ষ।

১-ম পাতার পর

## নাবালক যাদবপুরের মৃত ছাত্র, পকসো আইনে মামলার পথে শিশু সুরক্ষা কমিশন

পকসো আইনে মামলা। হস্টেলে যাওয়ার পর থেকেই ওই ছাত্রের যৌন নির্যাতন করা হয়েছে বলেও দাবি অনন্য দেবীর। গায়ে মিলেছে সিগারেটের ছ্যাঁকার দাগ। একইসঙ্গে বিশ্ববিদ্যালয়ের অব্যবস্থা নিয়েও ক্ষোভ উগরে দিয়েছেন তিনি।

তিনি বলেন, "ঘটনাটি খুবই দুর্ভাগ্যজনক। ওকে উলঙ্গ অবস্থায় পাওয়া যায়, ওর গায়ের নানা জায়গায় সিগারেটের ছ্যাঁকার দাগও ছিল। ওকে নির্মমভাবে মারা হয়েছে। ওর শেষকৃত্যের সময় যখন ঘি মাখানো হচ্ছিল তখন ওর মা-বাবও সেই সমস্ত মারধরের দাগ দেখেছেন। ও বাড়িতেও ফোন করে বলেছিল ওকে বারবার সমকামী। সুতরাং এটা পরিষ্কার যৌন নির্যাতনের ঘটনা। যেহেতু ওর ১৮ বছর বয়স হয়নি তাই এটা পকসো কেস। কেউই এটা জানতো না যে ও এখনও প্রাপ্তবয়স্ক হয়নি। এমনকী যৌন নির্যাতনের ঘটনাও ঠিক করে বোঝা যায়নি। তাই ওর নাম, পরিচয় সবই সামনে এসে গিয়েছে। কিন্তু, আমরা আপনাদের কাছে অনুরোধ করছি ওর নামটা আর দেবেন না। কারণ ও নাবালক। ওর সম্মানের একটা ব্যাপার আছে।"এদিনই তাঁরা যাদবপুর বিশ্ববিদ্যালয়ে যাচ্ছেন বলেও জানান। কথা বলেন কর্তৃপক্ষের সঙ্গে। তবে কেন বারবার বলার পরেও যাদবপুরে সিসিটিভি বসানো হল না, কেন দীর্ঘদিন কর্তৃপক্ষের লোকজন উদাসীন ছিলেন সেই প্রশ্নও তুলে দিয়েছেন অনন্যা দেবী। প্রশ্ন তুলেছেন অধ্যাপকদের ভূমিকা নিয়েও। সাফ বলেন, "ওখানে সিসিটিভি নেই, রেজিস্ট্রার ঠিক মতো থাকে না। এটা অমার্জনীয় অপরাধ। ওখানে হস্টেলে মাস্তানি, দাদাগিরি, আঁতলামি দীর্ঘদিন ধরে চলে আসছে। ওরা মনে করে ওরা সব আইনের ঊর্ধ্বে। এটা হতে পারে না। যাতে এরকম ঘটনা আর না ঘটে। সেদিকে আমাদের নজর থাকবে। আমরা এর শেষ দেখে ছাড়ব।"

১-ম পাতার পর

## বাম-কংগ্রেস জোটের বোর্ড গঠন হতেই 'টার্গেট' তৃণমূল

দেয়।সভাপতি নির্বাচিত হন কংগ্রেসের জয়ী প্রার্থী কুদ্দুস আলি। সহ-সভাপতি নির্বাচিত হন আরএসপি-র জয়ী প্রার্থী আয়েশা সিদ্দিকী।

আর পঞ্চায়েত সমিতিতে বোর্ড গঠনের পরে জয়ের উল্লাসে আবীর খেলায় মেতে ওঠে বাম-কংগ্রেস কর্মী সমর্থকেরা। তৃণমূলের প্রাক্তন সভাপতি শাহ আলম সরকারকে তীব্র কটাক্ষ করে পথচলতি মানুষকে লেবুজল বিতরণ করে বাম কংগ্রেস কর্মীরা। নবনির্বাচিত সভাপতি কুদ্দুস আলি বলেন, 'তৃণমূলকে পরাস্ত করে মানুষের গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে এই পঞ্চায়েত সমিতিতে। শাসকদলের দুর্নীতি সাধারণ মানুষ আর বরদাস্ত করবে না।' তবে এদিন বোর্ড গঠনের পর বিজয় মিছিল করে যাওয়ার সময় এক তৃণমূল সমর্থকের কাপড়ের দোকানে লুঠপাট করার অভিযোগ ওঠে জোট সমর্থকদের বিরুদ্ধে। লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতির অভিযোগ দোকান মালিকের। ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়ায় রানিনগরের ধর্মতলা এলাকায়। ঘটনাস্থলে রানিনগর থানার পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।ক্ষতিগ্রস্থ দোকান মালিক বীরলাল হোসেন বলেন, 'আমার লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। রাজনৈতিক হিংসায় বাম-কংগ্রেস জোটের কর্মীরা এই কাজ করেছে। আমি চাই পুলিশ অভিযুক্তদের গ্রেফতার করুক। আমার ক্ষতিপূরণের ব্যবস্থা করুক।' বোর্ড গঠনের পরেই কাতলামারী ১নং অঞ্চল তৃণমূলের দলীয় কার্যালয় দখলে ভাঙচুর ও নথিপত্র পুড়িয়ে দেওয়ার অভিযোগ ওঠে বাম-কংগ্রেসের বিরুদ্ধে। ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়ায় গোটা এলাকায়। খবর পেয়ে ঘটনাস্থলে আসে রানিনগর থানার বিশাল পুলিশ বাহিনী। যদিও তৃণমূলের অভিযোগ অস্বীকার করেছে ব্লক কংগ্রেস নেতৃত্ব।বেলডাঙ্গা ১নং পঞ্চায়েত সমিতির মোট আসন ৩৯টি। তার মধ্যে তৃণমূল পেয়েছে ২২টি, কংগ্রেস পেয়েছে ১২টি, সিপিআইএম ২ ও বিজেপি ২টি। শনিবার মোট ২৪ জন সদস্যের সমর্থনে সভাপতি নির্বাচিত হন কংগ্রেসের আজাদ মণ্ডল ও সহ-সভাপতি নির্বাচিত হন সিপিআইএম-এর সেমিনারা বিবি। তৃণমূলের রেজিনগরের বিধায়ক রবিউল আলম চৌধুরীর ছেলে জামিল চৌধুরী ও ব্লক সভাপতি আবু সাইদ দুইজনেই সভাপতির পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করেন। কিন্তু শেষ পর্যন্ত ২৪ ভোটে কংগ্রেসের মনোনীত প্রার্থী আজাদ মণ্ডল সভাপতি নির্বাচিত হন। নব নির্বাচিত সহ-সভাপতি সেমিনারা বিবি বলেন, 'আমি বিনা প্রতিদ্বন্দ্বিতায় সহ সভাপতি নির্বাচিত হয়েছি। আমি সাধারণ মানুষের পাশে থেকে গোটা এলাকার উন্নয়নে কাজ করব।' তৃণমূলের জয়ী সদস্য জামিল আলম চৌধুরী বলেন, 'ব্লক সভাপতি আবু সাইদ দায়িত্ব নিয়ে কংগ্রেসের হাতে এই পঞ্চায়েত সমিতি তুলে দিল। আমি রাজ্য নেতৃত্বকে জানাব এই ব্লক সভাপতিকে দল থেকে সরানোর জন্য।' পাল্টা বেলডাঙ্গা ব্লক তৃণমূলের সভাপতি আবু সাইদ বলেন, 'জামিল আলম চৌধুরীর প্ররোচনাতেই জয়ী তৃণমূল সদস্যরা বাম কংগ্রেসকে সমর্থন করেছে।' বড়ঞা পঞ্চায়েত সমিতির মোট আসন ৩৮টি। তার মধ্যে তৃণমূল পেয়েছে ২১টি, কংগ্রেসে ৮টি, সিপিআইএম ২টি ও বিজেপি ৭টি। কিন্তু পরবর্তীতে তৃণমূলের ৬ জন জয়ী সদস্য বাম কংগ্রেস জোটে চলে যাওয়ায় তৃণমূলের আসন কমে দাঁড়ায় ১৫। শনিবার তৃণমূলের নাজমা খাতুন ও জোটের সুলতানা খাতুনের মধ্যে প্রতিদ্বন্দ্বিতায় বাম কংগ্রেস ও বিজেপির সমর্থনে বোর্ড গঠন করে বাম কংগ্রেস জোট।

## মোদী-জিনপিং সাক্ষাতের আগে সীমান্ত নিয়ে বৈঠকে বসছে ভারত এবং চিন

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** অল্প কয়েক দিন পরেই দক্ষিণ আফ্রিকায় অনুষ্ঠিত হতে চলা ব্রিকস সম্মেলনে মুখোমুখি হতে চলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং চিনের প্রেসিডেন্ট শি জিনপিং। তার আগে পারস্পরিক আস্থার পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে সোমবার বৈঠকে বসতে চলেছেন দুই দেশের শীর্ষ সেনা আধিকারিকেরা। সীমান্ত নিয়ে ১৯ তম বৈঠকে প্রকৃত নিয়ন্ত্রণরেখায় বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা হবে বলে সেনা সূত্রের খবর।আগামী ৯ এবং ১০ সেপ্টেম্বর দিল্লিতে হতে চলা জি২০ বৈঠকে উপস্থিত থাকার



কথা জিনপিংয়ের। মূল বৈঠকের পাশাপাশি একটি পার্শ্ব বৈঠকও করতে পারেন ভারত এবং চিনের রাষ্ট্রপ্রধান। তার আগেই সীমান্ত পরিস্থিতি কিছুটা স্বাভাবিক করে দ্বিপাক্ষিক সম্পর্ককে মজবুত করতে চাইছে বেজিং এবং নয়াদিল্লি। কিছু দিন আগেই বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর এবং জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল কিছু দিন আগে চিনের বিদেশমন্ত্রী ওয়াং ই-র সঙ্গে সাক্ষাত করেন। সীমান্তে শান্তি না ফিরলে চিনের সঙ্গে সম্পর্কের উন্নতি হবে না বলে আগেই জানিয়ে দিয়েছিল দেশের বিদেশ মন্ত্রক।

ভারতের তরফে এই বৈঠকে নেতৃত্ব দেবেন লেফটেন্যান্ট জেনারেল রশিম বালি।

এর আগে গত ২৩ এপ্রিল এসসিও বৈঠকের আগে সীমান্ত বৈঠকে বসেছিল ভারত এবং চিন। পূর্ব লাদাখের কাছে প্রকৃত নিয়ন্ত্রণরেখায় সেনা সরানো নিয়ে ঐকমত্যে পৌঁছতে পারেনি দু'পক্ষ। ২০১৭ সালে ডোকলাম সংঘাতের পর ২০২০ সালে গালওয়ান উপত্যকায় ভারত এবং চিনের সেনা হাতাহাতিতে জড়িয়ে পড়ে বার বার উত্তপ্ত থেকেছে ভারত-চিন সীমান্ত। প্রসঙ্গত, ভারত-চিনের মাঝে থাকা ম্যাকমোহন লাইনকে আন্তর্জাতিক সীমানা হিসাবে কখনওই স্বীকার করেনি চিন। চিনের বিরুদ্ধে একতরফা ভাবে সীমান্তের স্থিতাবস্থা নষ্ট করার অভিযোগ তুলেছে ভারত।

## মোদি-শাহরা আমাদের স্কুলেই পড়েছে', প্রধানমন্ত্রীর অনাস্থা ভাষণকে তীব্র কটাক্ষ খাড়গের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** কংগ্রেসের তৈরি করা স্কুলেই নরেন্দ্র মোদি - অমিত শাহরা পড়াশোনা করেছেন। তা সত্ত্বেও ৭০ বছর ধরে কংগ্রেস কী কী করেছে তার খতিয়ান চাইছেন প্রধানমন্ত্রী? অনাস্থা প্রস্তাবের জবাবি ভাষণে প্রধানমন্ত্রীর বক্তব্যকে এইভাবেই কটাক্ষ করলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে ।ভাষণের পালটা দিয়েই এদিন ছত্তিশগড়ের সম্মেলনে মুখ খোলেন খাড়গে। একাধিকবার বিজেপি সাংসদরা দাবি করেছেন, মণিপুরের হিংসা নিয়ে যদি বিস্তারিত আলোচনা হয় তাহলে পশ্চিমবঙ্গ, ছত্তিশগড়, রাজস্থানের অবস্থা নিয়েও আলোচনা করতে হবে। তবে বিজেপি বিরোধী সাংসদদের দাবি ছিল, বাকি সব রাজ্যের সঙ্গে মণিপুরের তুলনা চলে না। সুপ্রিম কোর্টের তরফেও একই কথা বলা হয়। ছত্তিশগড়ে গিয়ে সেই প্রসঙ্গই টেনে আনেন খাড়গে। তিনি বলেন, 'প্রধানমন্ত্রী মণিপুরের সঙ্গে ছত্তিশগড়ের তুলনা করে আসলে এই রাজ্যের মানুষকে অপমান করেছেন।' সেই সঙ্গেই বলেন, 'মোদি ক্ষমতায় আসার পরে কি একটাও স্কুল তৈরি করেছেন? কংগ্রেসের তৈরি করা স্কুলেই পড়াশোনা করেছেন মোদি-শাহরা। তা সত্ত্বেও তারা আমাদের জিজ্ঞাসা করে, ৭০ বছর ধরে কংগ্রেস কী করেছে?'রবিবার ছত্তিশগড়ে একটি অনুষ্ঠানে বক্তব্য রাখেন তিনি। সেখানেই প্রধানমন্ত্রীর ভাষণকে একহাত নেন রাজ্যসভার বিরোধী দলনেতা। মণিপুর প্রসঙ্গে সংসদে অনাস্থা প্রস্তাব আনেন কংগ্রেস সাংসদ গৌরব গগৈ। তার জবাব দিতে গিয়ে দু'ঘণ্টারও বেশি সময় ধরে ভাষণ দেন প্রধানমন্ত্রী। তবে অধিকাংশ সময়েই নানা ক্ষেত্রে কংগ্রেসকে কাঠগড়ায় তোলেন তিনি। হাত শিবিরের নানা ব্যর্থতার পাশাপাশি রাহুল গান্ধীকেও তুমুল কটাক্ষ করেন। এমনকি মণিপুরের বর্তমান পরিস্থিতির জন্যও কংগ্রেসকেই দায়ী করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

## ফের বন্দুকবাজের হামলায় রক্তাক্ত আমেরিকা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আমেরিকায় ফের বন্দুকবাজের হামলা। মিনাপলিসে দুই আততায়ীর চালানো গুলিতে ১ জনের মৃত্যু হল। আহত ৬। শেষ খবর পাওয়া পর্যন্ত পুলিশ অভিযুক্তদের গ্রেপ্তার করতে পারেনি। তবে তাদের খোঁজে তল্লাশি চলছে।গত মে মাসে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনকে বলতে শোনা গিয়েছিল, 'এটা মেনে নেওয়া যায় না। গোটা বিষয়টির দিকে কড়া নজর রাখছি। এই ঘটনায় আমেরিকার হৃদয় একেবারে ভেঙে গিয়েছে। কংগ্রেসের কাছে আমার আবেদন, অস্ত্র রাখার উপর নিষেধাজ্ঞা জারি করুন তাঁরা।' মার্কিন প্রশাসনের এই উদ্বেগ সত্ত্বেও এখনও কমেনি বন্দুকবাজ-আতঙ্ক। গত শনিবার ওয়াশিংটন ডিসির রাজপথে বন্দুকবাজের হামলায় ৩ জনের মৃত্যু হয়েছিল। এক সপ্তাহের মধ্যেই ফের রক্তাক্ত হল আমেরিকা।আচমকাই সেখানে হাজির হয় আতাতায়ীরা। তারা এলোপাথারি গুলি চালাতে থাকে। ঘটনাস্থলেই একজনের মৃত্যু হয়। আহতদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক।

উল্লেখ্য, যত সময় যাচ্ছে ততই আমেরিকার 'অভিশাপ' হয়ে উঠছে বন্দুকবাজের হামলা। স্কুল থেকে শুরু করে ধর্মস্থান,বাদ পড়ছে না কিছু। বন্দুক আইন সংশোধন করেও কেন বন্দুকবাজের হামলার ঘটনায় রাশ টানা যাচ্ছে না, তা নিয়ে লাগাতার প্রশ্নের মুখে হোয়াইট হাউস।

২ পাতার পর

## রাজভবন জাদুঘর হোক: মমতা

হচ্ছে। গণতান্ত্রিক ভাবে নির্বাচিত সরকার থাকতে রাজ্যপালের কী প্রয়োজন?" মুখ্যমন্ত্রীর স্পষ্ট দাবি, "যদি শপথ গ্রহণ করানোর জন্য প্রয়োজন হয়, তা হলে তা প্রধান বিচারপতি করতে পারেন।" বিশ্ববিদ্যালয় নিয়ে রাজ্য সরকার ও রাজভবনের বিরোধের মধ্যে উপাচার্য নিয়োগ নিয়েও সংঘাতের পরিবেশ তৈরি হয়েছে। সম্প্রতি মুখ্যমন্ত্রী রাজ্যপালের ভূমিকাকে 'বিজেপির দালালি' বলেও চিহ্নিত করেছেন। এ দিন তিনি সেই প্রসঙ্গ টেনে মমতা বলেন, "বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বদলই কাজ হয়ে দাঁড়িয়েছে রাজ্যপালের। সেই সব জায়গায় বিজেপি-আরএসএসের লোকেদের বসানো হচ্ছে। এটা তাঁর কাজ?''মুখ্যমন্ত্রীর এই অভিযোগ অবশ্য নস্যাত করেছে বিজেপি। রাজ্য দলের প্রধান মুখপাত্র শমীক ভট্টাচার্য পাল্টা কটাক্ষ করে বলেন, "তৃণমূলের মধ্যে এখনও কংগ্রেসের ডিএনএ রয়ে গিয়েছে। তাই তৃণমূল নেত্রী শয়নে, স্বপনে কংগ্রেসের কর্মপদ্ধতি দেখতে পান। তবে এ কথাটা ঠিক যে এই রাজ্যে সরকারটা টিকে আছে রাজ্যপাল এবং সংবিধানের রক্ষাকর্তাদের বদান্যতায়। "পঞ্চায়েত ভোটে হিংসা ও লুটের অভিযোগ তুলে রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেসকে নিশানা করেছিলেন প্রধানমন্ত্রী। সেই প্রসঙ্গে কেন্দ্রীয় সরকার ও বিজেপিকে পাল্টা আক্রমণ করে মুখ্যমন্ত্রী বলেন, "অভিন্ন দেওয়ানি বিধি ( ইউসিসি) চালু করতে চাইছে। আমরা যেমন এনআরসি আটকেছি, যেমন সিএএ আটকেছি তেমনই এটাও হতে দেব না।" তিনি বলেন, "ওরা জানে, হিন্দু, মুসলমান, খ্রীষ্টধর্মের মানুষের মধ্যে কত ভাগ (সাব কাস্ট) আছে। কারও সঙ্গে কিছু আলোচনা করে না।" রাজ্যের পাওনা টাকা নিয়েও কেন্দ্রকে আক্রমণ করে মমতা এ দিন বলেন, "বাংলাকে বঞ্চনা করছেন, শোষণ করছেন। দলের নেতাদের তোষণ করতে টাকা আটকে দিচ্ছেন। আমাদের প্রাপ্য ১ লক্ষ ৯০ হাজার কোটি টাকা আটকে রাখা হয়েছে।"

শমীক অবশ্য বলেন, "সরকারি টাকার হিসেব দিতে না পারলে তা তো আটকে যাবেই।"

ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ২২৪ সংখ্যা ১৪ আগস্ট, ২০২৩ সোমবার ২৮ শ্রাবণ, ১৪৩০

## সম্পাদকীয়

# স্বাধীনতা দিবসে লালকেল্লায় আমন্ত্রিত ১৮০০ অতিথি

আর মাত্র দু'দিন। তারপরই দেশে পালিত হবে ৭৬তম স্বাধীনতা দিবস । সেই উপলক্ষে সেজে উঠছে গোটা দেশ। 'আজাদির অমৃত মহোতসব' হচ্ছে দেশজুড়ে। স্বাধীনতা দিবসকে স্মরণীয় করে রাখতে, বিশেষ ব্যবস্থা নিচ্ছে কেন্দ্র সরকার ।ভারতীয় সেনার তরফেও বিশেষ অনুষ্ঠানের ব্যবস্থা করা হয়েছে। প্রধানমন্ত্রী যখন জাতীয় পতাকা উত্তোলন করবেন সে সময় আকাশে চক্কর দেবে সেনার দুই হেলিকপ্টার। সেখান থেকে পুষ্পবৃষ্টি হবে।

আগামী ১৩ থেকে ১৫ অগাস্ট দেশজুড়ে বাড়ি বাড়ি জাতীয় পতাকা উত্তোলনের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি টুইট করে লেখেন, আমি আপনাদের সকলকে অনুরোধ করব এই হর ঘর তেরঙ্গা কর্মসূচিতে অংশগ্রহণ করুন। আগামী ১৩ থেকে ১৫ অগাস্ট পর্যন্ত চলবে এই হর ঘর তেরঙ্গা মুভমেন্ট।'১৫ অগস্ট দিল্লির লালকেল্লায় জাতীয় পতাকা উত্তোলন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী । সেই অনুষ্ঠানে ১৮০০ জন বিশেষ অতিথিকে আমন্ত্রণ জানানো হয়েছে।

শুধু তাই নয়, এই উৎসবে মেতে ওঠার আহ্বান জানানো হয়েছে দেশের প্রত্যেক মানুষকে । এমনকী কেন্দ্র সরকারের তরফে উতসবে অংশ নিতে বলা হয়েছে দেশের নাগরিকদের। সেজন্য বিশেষ 'টাস্ক'ও দিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেছেন, 'জাতীয় পতাকা নিয়ে প্রত্যেকে নিজের একটি করে ছবি তুলুন। আর সেই ছবি তেরঙ্গা সাইটে আপলোড করুন।'এখানেই শেষ নয়, কেন্দ্র সরকারের তরফে রাজধানীতে বসানো হচ্ছে সেলফি পয়েন্ট! দিল্লির ১২টি জায়গায় থাকবে এই সেলফি পয়েন্ট। কেন্দ্র সরকারের বিভিন্ন প্রকল্প তুলে ধরা থাকবে এই পয়েন্টে। সেইসব পয়েন্টে গিয়ে এক বা একাধিক ছবি তুলে দেশবাসীকে সরকারি পোর্টালে আপলোড করতে বলেছে কেন্দ্র সরকার।

কেন্দ্র সরকারের তরফে শুরু করা হচ্ছে অনলাইন সেলফি প্রতিযোগিতা। এই প্রতিযোগিতায় অংশ নিতে কী করতে হবে?

আগামী ১৫ অগস্ট থেকে ২০ অগস্ট পর্যন্ত চলবে এই অনলাইন সেলফি প্রতিযোগিতা। স্বাধীনতা উতসবের অংশ হিসেবেই এই প্রতিযোগিতা করা হচ্ছে। দিল্লির রাস্তায় ১২টি জায়গায় থাকবে সেলফি পয়েন্ট। আপনি যদি সেখানে যান, তবে সেই পয়েন্টে দাঁড়িয়ে নিজের এক বা একাধিক সেলফি তুলুন। আর পাঠিয়ে দিন 'MyGov Portal'-এ। কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রণালয়ের তরফে এই উদ্যোগ নেওয়া হয়েছে।এই প্রতিযোগিতায় অংশ নেওয়া নাগরিকদের সেলফি থেকে বাছাই করে সেরা ১২ জনের নাম ঘোষণা করা হবে। প্রত্যেক বিজয়ীকে ১০ হাজার টাকা করে পুরস্কার দেওয়া হবে সরকারের তরফে।

এ বছর স্বাধীনতা দিবসে দিল্লির অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বিভিন্ন গ্রামের পঞ্চায়েত প্রধান, শিক্ষক-শিক্ষিকা, নার্স, কৃষক, মতস্যজীবী, সন্ন্যাসীরা। যারা সেন্ট্রাল ভিস্তা প্রজেক্ট তৈরিতে সাহায্য করেছিলেন, তাঁদের প্রত্যেককে অনুষ্ঠানে হাজির করা হবে। খাদি বিভাগের কর্মীরা, জাতীয় পুরস্কারপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকারা। সবমিলিয়ে ১৮০০ জন বিশেষ অতিথি উপস্থিত থাকবেন স্বাধীনতা দিবসে লালকেল্লার অনুষ্ঠানে।

## যাদবপুরের ৬৮ নম্বর ঘরে মিলল হলুদ ডায়েরি,

# দিনলিপি লেখার অভ্যেস ছিল স্বপ্নদীপের, বলছে পরিবার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** একটা মৃত্যু, তাকে ঘিরে হাজার হাহাকার-শোক পার করে জেগে উঠছে একের পর এক প্রশ্ন। তোলপাড় হয়ে যাচ্ছে গোটা রাজ্য তথা দেশ। বুধবার রাতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মেন হস্টেলে ঠিক কী হয়েছিল, কেন প্রাণ দিতে হল নবীন পড়ুয়া স্বপ্নদীপকে, কেনই বা নাম জড়াচ্ছে একের পর এক সিনিয়র ছাত্রের, অভিযোগ উঠছে অত্যাচারের- এসবের মধ্যেই ঘুরছে তদন্তের কাঁটা। অন্যদিকে, প্রাক্তনী সৌরভ চৌধুরীর পরে আজ রবিবার, আরও দুই সিনিয়র মনোতোষ ও দীপশেখরকে পুলিশ গ্রেফতার করেছে স্বপ্নদীপের মৃত্যু তদন্তে। ধৃত সৌরভ চৌধুরীকে ২২ অগাস্ট পর্যন্ত পুলিশ হেফাজতে রাখার নির্দেশ দিয়েছে আদালত। এছাড়াও মেন হস্টেলের আরও বহু পড়ুয়া রয়েছে পুলিশের নজরে। জানা গেছে, ইতিমধ্যেই ২০ জনকে চিহ্নিত করা হয়েছে, তাঁদের ডেকে জেরা করার কাজও শুরু হয়েছে।এবার মেন হোস্টেলে স্বপ্নদীপের সেই ৬৮ নম্বর ঘর তল্লাশি করে নতুন এক সূত্র উদ্ধার করেছে পুলিশ, মিলেছে রহস্যময় এক হলুদ ডায়েরি । প্রাথমিক তদন্তে অনুমান, ডায়েরিটি স্বপ্নদীপেরই। তবে তাতে কতটা কী লেখা রয়েছে, তা নিয়ে এখনও কিছু জানা যায়নি। ডায়েরির সঙ্গে আদৌ গোটা ঘটনার কোনও যোগ আছে কিনা, তাও বোঝা যায়নি।

তবে পুলিশ সূত্রের খবর, স্বপ্নদীপের বাড়ির তরফ জানানো হয়েছে, নিয়মিত ডায়েরি লেখার অভ্যাস ছিল স্বপ্নদীপের। ফলে ওই ডায়েরিতে তিনি হোস্টেলে কাটানো দিনগুলি সম্পর্কে হয়তো কিছু লিখেছিলেন, এমনটা হওয়া অস্বাভাবিক নয়।

আপাতত পুলিশের হোমিসাইডের শাখা নদিয়ার বগুলায় স্বপ্নদীপের বাড়িতে এবং রানাঘাটে তাঁর মামারবাড়িতে গিয়ে তাঁর হাতের লেখার নমুনা সংগ্রহ করে এনেছেন। তার পরে হাতের লেখা বিশারদদের সাহায্যে মিলিয়ে দেখা হচ্ছে পাতাগুলি। এর পরেই ডায়েরির বয়ান পড়ে ঘটনার নাগাল পাওয়া চেষ্টা করা হবে বলে জানানো হয়েছে।

## পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-


আসলে এ কথাটি বলার মতন বা লেখার মতন ইচ্ছা আছে আমার ছিলনা। কিন্তু আমি সমাজের বহু তথ্য সংগ্রহ করতে গিয়ে বারবার উপলব্ধি করেছি, রাজনীতির জন্ম সূত্রপাত কোথা থেকে তাই এ কথাটি লিখতে বাধ্য হলাম।

ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)



আমরা সব ধর্মের মানুষ মনেপ্রাণে ঈশ্বর বিশ্বাস করি, অনেকেই ঈশ্বরকে মানে না কিন্তু বর্তমান ভারতবর্ষের তথা পৃথিবীজুড়ে ঈশ্বরের একটি প্রাকৃতিক শক্তি বিরাজমান, যাকে আমরা সুপ্রিম শক্তি বলে অনেকেই ধারণা। সেই ধারণা থেকে শুরু হয়েছে ঈশ্বরের প্রতি ভক্তি ও প্রার্থনা। মানুষের প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে রক্ষা করেন তিনি।এমন কথা অনেক মানুষের মুখেই শোনা যায়, "আমি নিজে প্রকৃত শক্তিতে বিশ্বাস করি কারণ আমি এমন অনেক ঘটনার প্রত্যক্ষদর্শী যা পুরোপুরি অলৌকিক। আমার জীবনে এমন অনেক ঘটনা ঘটেছে যার ফলে আমি ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ পেয়ে গিয়েছি"। ভূত, জিন, প্রেতাত্মা ইত্যাদির সাক্ষাৎ দর্শন পেয়েছেন, বা রাতের অন্ধকারে গায়েবি আওয়াজ শুনতে পেয়েছেন এমন মানুষের সংখ্যা মোটেও কম নয়। আমার অনেক বন্ধুই আছে যারা আমাকে অলৌকিক সব ঘটনার কাহিনী শোনায় এবং জিজ্ঞাসা করে, এর কি কোনো ব্যাখ্যা তোমার কাছে আছে? সব মিরাকলের ব্যাখ্যা খুঁজতে যাওয়াটা সময় ও শ্রমের অপচয়। কিন্তু তারপরও কিছু মিরাকলের ব্যাখ্যা খুঁজে যেতে হয়। কোনো মিরাকল ঘটার পর সেটাকে এমন একটি সত্তার অস্তিত্বের প্রমাণ হিসেবে ব্যবহার করা হয় যেটি কিনা সর্বময় ক্ষমতার অধিকারী।

তাই মানুষ একমাত্র ভরসা করে ভগবানকে, এই মানুষ তার কর্মক্ষমতা আর ত্যাগ কারনে জগতে ঈশ্বর হয়ে ওঠেন!রণে বনে জলে জঙ্গলে যেখানে বিপদে পড়িবে আমাকে স্মরণ করিবে আমি তোমাকে রক্ষা করিব।জয় বাবা লোকনাথ এই মন্ত্র জীবনের পথকে আরও সুদৃঢ় করে জীবনকে এক উন্নত ও আলোর পথের ঠিকানা দেয়। প্রতিটি কাজ করার আগে বাবা লোকনাথের নাম স্মরণ করলে সেই কাজ ভাল হয়ে থাকে। বারদীর ব্রহ্মচারী বাবা লোকনাথ একই অঙ্গে অনোন্য রূপ তিনি স্বয়ং ভগবান মহেশ্বরের অবতার। যাঁকে মনে মনে ডাকলে ভক্তের সকল আশা ও মনবাঞ্ছা পূরণ হয়ে থাকে। তবে বাবা লোকনাথ শ্রীকৃষ্ণের জন্মদিন জন্মাষ্টমীতে; ১৭৩০ খ্রিস্টাব্দের ৩১ আগস্ট (১৮ ভাদ্র, ১১৩৭ বঙ্গাব্দ) কলকাতা থেকে কিছু দূরে; উত্তর ২৪ পরগণার চৌরাশি চাকলা গ্রামে একটি ব্রাহ্মণ পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম রামনারায়ণ ঘোষাল এবং মাতা কমলাদেবী। তিনি ছিলেন তাঁর বাবা-মায়ের ৪র্থ পুত্র।লোকনাথের জন্মস্থান নিয়ে; শিষ্যদেরও ভেতরে বিতর্ক আছে। নিত্যগোপাল সাহা এ বিষয়ে হাইকোর্টে মামলা করেন ও আদালতের রায় অনুযায়ী; তার জন্মস্থান কচুয়া বলে চিহ্নিত হয়। যদিও অনেকে মনে করেন তার জন্মস্থান; বর্তমান উত্তর ২৪ পরগণার চৌরাশি চাকলা গ্রামে; যা এখন চাকলাধাম নামে লোকনাথ ভক্তদের নিকট পরিচিত।পার্শ্ববর্তী গ্রাম (কাঁকড়া) কচুয়া গ্রামে বাস করতেন; ভগবান গাঙ্গুলী নামে ভারতবর্ষের নামকরা এক পন্ডিত। এগার বছর বয়সেই গুরু ভগবান গাঙ্গুলীর কাছে; একমাত্র বন্ধু বেনীমাধব সহ সন্ন্যাস গ্রহণ এবং তারপর গৃহত্যাগ করেন লোকনাথ।

বাবা লোকনাথকে নিয়ে আছে অনেক গল্প। ধর্মপ্রচারক বিজয়কৃষ্ণ গোস্বামী চন্দ্রনাথ পাহাড়ে গাছের নীচে ধ্যানমগ্ন ছিলেন; হঠাৎ চোখ খুলে দেখেন চারিদিকের আগুনের লেলিহান শিখা; প্রচন্ড ধোঁয়ায় নিশ্বাস নিতে কষ্ট হচ্ছে। অজ্ঞান হবার মুহূর্তে দেখতে পান; এক দীর্ঘদেহী উলঙ্গ মানুষ তাকে কোলে তুলে নিচ্ছেন। যখন জ্ঞান ফিরে পান দেখেন; আসে-পাশে কোন জনমানব নেই। তিনি একা পাহাড়ের নিচে শুয়ে আছেন।পরবর্তীকালে বিজয়কৃষ্ণ গোস্বামী নামি ধর্মপ্রচারক হিসাবে পরিচিতি লাভ করেন। ভারত এবং বাংলাদেশে তার অসংখ্য ভক্ত ছিল। তিনি যখন নারায়নগঞ্জ এর বারদী আসেন; তখন বাবা লোকনাথকে দেখে চিনতে পারেন। বুঝতে পারেন, ইনিই তার জীবন বাঁচিয়েছিলেন। এরপর সারা ভারত এবং বাংলাদেশে প্রচারবিমুখ বাবা লোকনাথের অসামান্য যোগশক্তির কথা; প্রচার করে বেড়ান এই বিজয়কৃষ্ণ গোস্বামী। তখন থেকেই মানুষ বাবা লোকনাথ সম্পর্কে জানতে পারেন।

লোকনাথ বাবার বারদী আসা নিয়েও আছে গল্প। সীতাকুন্ড থেকে বাবা লোকনাথ চলে আসেন দাউদকান্দি। এখানেই পরিচয় হয় বারদী নিবাসী- ডেঙ্গু কর্মকারের সাথে। তিনি জোর করা বাবাকে নিয়ে আসেন বারদী।বাবা লোকনাথ বলেছিলেন, "ডেঙ্গু তুই আমাকে নিয়ে যেতে চাইছিস, আমি তোর সাথে যেতে প্রস্তুত, কিন্তু এই লেংটা পাগলাকে তুই কিভাবে ঘরে রাখবি। লোকে তোকে ছি ছি করবে। সহ্য করতে পারবি। ভেবে দেখ ?"। ডেঙ্গু উত্তরে বলেছিলেন; "আমি কিছু বুঝি না, আপনাকে আমার সাথে যেতে হবে। লোকে যা বলে বলুক। শুধু আপনি কথা দেন - বারদী ছেড়ে কোথাও যাবেন না"।ডেঙ্গুর সাথে বাবা লোকনাথ চলে আসেন বারদী। ছোট ছোট ছেলেরা বাবাকে পাগল ভেবে; পাথর মারতে থাকে। ডেঙ্গুর পরিবারে বাবাকে নিয়ে শুরু হয় অশান্তি। বারদীর ধনী জমিদার নাগ-পরিবার; তারা বাবাকে তাদের বাড়িতে নিয়ে আসার চেষ্টা করেন। কিন্তু বাবা থাকার জায়গা বেছে নেন; ছাওয়াল বাঘিনীর নদীর পাড়ের শ্মশানভূমি।ঘন জঙ্গলে ঘেরা এই শ্মশানভূমি। দিনের বেলায় গ্রামের মানুষ যেতে ভয় পেত। এইখানেই বাবা নিজ হাতে নিজের জন্য তৈরি করেন কুটির। যা আজ সারা বিশ্বের বাবা লোকনাথ ভক্তদের কাছে; এক মহান তীর্থভূমি। লক্ষ লক্ষ মানুষের সমাগম হয় এই পূণ্যভূমিতে। কেঁদে, মাটিতে গড়াগড়ি খেতে খেতে; অসংখ্য মানুষ নিজেদের দুঃখের কথা জানায় বাবা লোকনাথের কাছে।বাবা বলতেন -"ওরা বড় দুঃখী, ওরা বড় অসহায়। ছোট ছোট ওদের চাওয়া গুলো পূরণ করে দেওয়ার কেউ নেই; তাই তো ওরা আমার আছে ছুটে আসে; ওদের দুঃখের কথা; কষ্টের কথা আমাকে বলতে। ওদের দুঃখের কথা আমি শুনি বলেই; আমার কাছে ওদের যত আবদার, অধিকার। সংসারের কঠিন পথ চলতে চলতে ওরা ক্ষতবিক্ষত; ওদের বিশ্বাস আমিই ওদের দুঃখ দূর করে দিতে পারি"।বাবার শিষ্যদের নিয়েও আছে অনেক গল্প। ফরিদপুর জেলার পালং থানার মহিসা গ্রামে রজনীকান্ত চক্রবর্তীর জন্ম। ঢাকা ওয়ারীতে তিনি ব্রহ্মচারী যোগাশ্রম প্রতিষ্ঠা করেন। পরে তা ফরিদাবাদে স্থানান্তর করেন। তিনি বাবা লোকনাথের স্মরণে আসেন; ১৮৮৬ থেকে ১৮৯০ সালের দিকে। বাবার একজন যোগ্য শিষ্য হিসাবে পরিচিতি লাভ করেন।বারদীর আশ্রমের কাছেই এক বৃদ্ধা, নাম-কমলা। সম্বল বলতে এক গরু ছাড়া কিছুই ছিল না। দুধ বিক্রি করে দিন চালাতেন। লোকমুখে বাবা লোকনাথের প্রশংসা শুনে; এক বাটি দুধ নিয়ে বাবাকে দেখার জন্য চলে আসেন। বাবা লোকনাথ তাঁকে মা বলে ডাকে কাছে টেনে নেন। লোকনাথ বাবা তাঁকে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

## মায়ের চরিত্রে জুহি চাওলা




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** হিন্দি সিনেমায় রোমান্টিক নায়িকা হিসেবে পরিচিত তিনি। আজকাল অভিনয়ে খুব একটা নিয়মিত নন। অনেক দিন পর ফিরছেন জুহি চাওলা। এবার তিনি মায়ের ভূমিকায়। ইরফানপুত্র বাবিল খানের মায়ের চরিত্রে দেখা যাবে জুহিকে।

সিনেমায় জুহি চাওলার দুই ছেলের ভূমিকায় রয়েছেন বাবিল খান ও অমৃত জয়ন। গল্পে দেখা যাবে মায়ের অনুপস্থিতিতে দুই ভাই তাদের বন্ধুদের নিয়ে শুক্রবার রাতে একটি পার্টির ব্যবস্থা করে। সেখানে সবাই বয়সে তরুণ। রাত গভীর হওয়ার সঙ্গে সঙ্গে সবার মানসিক পরিবর্তন ঘটতে থাকে। বেপরোয়া হতে থাকে সবাই। এর পরই ঘটে যায় বড় ধরনের দুর্ঘটনা।

এভাবেই গল্প এগিয়ে যাবে বলে গণমাধ্যমে ধারণা দেন সিনেমার নির্মাতা বৎসল নীলকান্তন। সিনেমার প্রধান দুই চরিত্রে অভিনয় করবেন অভিনেত্রী জুহি চাওলা ও বাবিল খান। বেশ কয়েকটি ওয়েব সিরিজ ও ফিল্মে ভিন্নধর্মী চরিত্রে অভিনয়ও করেছেন এ জনপ্রিয় রোমান্টিক হিরোইন।

এবার ফ্রাইডে নাইট প্ল্যান সিনেমায় তিনি বাবিল খানের মায়ের চরিত্রে হাজির হবেন নতুন চ্যালেঞ্জ নিয়ে। ইতোমধ্যে ওয়েব ফিল্মটির ট্রেলার সবাইকে মুগ্ধ করেছে। আগামী ১ সেপ্টেম্বর এটি নেটফ্লিক্সে মুক্তি পাবে। ফারহান আখতার ও রীতেশ সিদওয়ানির সঙ্গে সিনেমাটি প্রযোজনা করেছেন কাসিম জাগমাগিয়া।

## নতুন পরিকল্পনা আলিয়ার, রাজি করিয়েছেন রণবীরকেও



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** আলিয়া ভাট, বলিউডের বর্তমান প্রজন্মের অন্যতম জনপ্রিয় অভিনেত্রী তিনি। বিনোদন জগতে পা রাখার ১০ বছরের মধ্যেই নিজেকে সাফল্যের সেই উচ্চতায় নিয়ে গেছেন। এই মুহূর্তে প্রযোজকদের প্রথম পছন্দ, পরিচালকদেরও নয়নের মণি আলিয়া। অভিনয়ের পাশাপাশি পা রেখেছেন প্রযোজনার জগতেও। বোন শাহীন ভাটের সঙ্গে জুটি বেঁধে শুরু করেছেন 'ইটারনাল সানশাইন প্রোডাকশন্স'। অন্যদিকে, চলতি মাসেই মুক্তি পেতে চলেছে তার প্রথম হলিউড ছবি 'হার্ট অব স্টোন'। ক্যারিয়ারের ১১তম বর্ষে এসে যেন নতুন উদ্যমে কাজে মন দিয়েছেন আলিয়া। তবে পেশাগত জীবনের পাশাপাশি ব্যক্তিগত জীবনের দিকেও সমান নজর মহেশ ভাট কন্যার। গত বছরের এপ্রিলেই বিয়ে সেরেছেন রণবীর কাপুরের সঙ্গে। নভেম্বরে মা হয়েছেন কন্যাসন্তানের। এখন আলিয়ার জীবনের সব থেকে গুরুত্বপূর্ণ মানুষ তার ছোট্ট মেয়ে রাহা কাপুর। পেশাগত দায়বদ্ধতা সামলাতে গিয়ে পরিবারকে উপেক্ষা করতে মোটেই রাজি নন আলিয়া। সেই ভাবনা থেকেই নতুন পরিকল্পনা অভিনেত্রীর। কী সেই পরিকল্পনা?

সম্প্রতি এক সাক্ষাৎকারে আলিয়া জানান, এই মুহূর্তে বিশ্বের সব থেকে সুখী মানুষ তিনি। পরিবার ও পেশা দুই ক্ষেত্রেই সৌভাগ্যবতী তিনি। সেই আনন্দেই নাকি এবার একটি ট্যাটু করিয়ে ফেলতে চান নায়িকা। শুধু তিনি নিজে নন, আলিয়া জানান, রণবীরকেও নাকি একটি ট্যাটু করানোর জন্য রাজি করিয়ে ফেলেছেন অভিনেত্রী। সেই ট্যাটুর বিষয় কী? তা নিয়ে ইতোমধ্যেই শুরু হয়েছে জল্পনা। যুগলের অনুরাগীদের অনেকের ধারণা, মেয়ে রাহাকে নিয়েই কোনও এক বিশেষ ট্যাটু করাবেন আলিয়া ও রণবীর। আবার অনেকের মত, নিজেদের বিশেষ কোনও স্মৃতিকে ধরে রাখতেই এই পরিকল্পনা করেছেন আলিয়া। রণবীরের প্রেমে পড়ে ট্যাটু করিয়েছেন, এমন উদাহরণ এই প্রথম নয়। রণবীরের সঙ্গে প্রেমে সম্পর্কে থাকাকালীন নিজের ঘাড়ে তাঁর নামের আদ্যক্ষর 'আরকে' ট্যাটু করিয়েছিলেন দীপিকা। সেই ছবি ভাইরাল হয়েছিল সর্বত্র। রণবীরের সঙ্গে বিচ্ছেদ হওয়ার পরেও দীর্ঘ দিন দীপিকার ঘাড়ে দেখা গিয়েছিল সেই ট্যাটু। তা নিয়ে অভিনেত্রীকে কম প্রশ্নের মুখে পড়তে হয়নি। অন্যদিকে, আলিয়ার ঘাড়েও একটি ট্যাটু রয়েছে, যাতে লেখা৬পটাবস্থ। এবার কী ট্যাটু করান তা দেখার জন্যই অধীর আগ্রহ বিরাজ করছে অনুরাগীদের মধ্যে।

## শাহরুখের বাড়ি ভীষণ ছোট মনে হয়েছিল গৌরীর মায়ের!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড বাদশাহ শাহরুখ খান বর্তমানে স্ত্রী গৌরী ও সন্তানদের নিয়ে আবর সাগরের তীরে 'মান্নত'-এর মত প্রাসাদোপম বাড়িতে থাকেন।

তবে এই উচ্চতায় পৌঁছানোর জন্য দীর্ঘ সময় লেগেছে শাহরুখের। কোনও কিছুই দ্রুত হয়ে যায়নি।

জানা যায়, দিল্লি ছেড়ে মুম্বাই আসার পর এক পরিচালকের বাড়িতে থাকতেন শাহরুখ। তারপর গৌরীর সঙ্গে বিয়ের পর ঘর ভাড়া নিয়ে থাকতেন শাহরুখ।

পরবর্তী সময়ে মুম্বাইয়ের কার্টার রোড এলাকায় একটা ৩ কামরার ফ্ল্যাট কেনেন কিং খান।

জানা যায়, বর্তমানে ওই ফ্ল্যাটটি নাকি মাসিক ৩ লাখ টাকায় ভাড়া দিয়ে রেখেছেন শাহরুখ।

তবে অনেকেই হয়ত জানেন না, একসময় শাহরুখের সেই বাড়ি নাকি বড়ই ছোট মনে হয়েছিল শাশুড়ি সবিতার।

আর একথা নিজেই এক সাক্ষাৎকারে স্বীকার করেন শাহরুখ।শাহরুখকে প্রশ্ন করা হয়, গৌরী খানের মায়ের নাকি তার মুম্বাই পেন্টহাউসটিকে ছোট বলে মনে হত? এটা কি সত্যি?

উত্তরে কিং খান বলেন, হ্যাঁ, আসলে উনি দিল্লির বাসিন্দা এবং রাজধানী শহরের বহু লোক বাংলো বাড়িতে থাকতেই অভ্যস্ত। আর মুম্বাইয়ের ফ্ল্যাট কালচার দিল্লির লোকজনের পছন্দ নয়।

দিল্লিবাসীরা ফ্ল্যাটে থাকা পছন্দ করেন না। ফ্ল্যাটির ছাদ ছিল ত্রিভুজের মতো, সেখানে শাহরুখের শাশুড়ির জামাইয়ের বাড়িটিকে জাহাজের মতো মনে হতো।

এদিকে গৌরী খান এক সাক্ষাৎকারে বলেন, তাদের 'মান্নত'-এর বাড়ির রাশও নাকি তার মা সবিতার হাতে।

গৌরী বলেন, দিল্লিতে থাকলেও মান্নতের অদৃশ্য রিমোট কন্ট্রোল আছে সবিতার হাতে। মান্নতের সব কাজ পরিচালনা করা, বিশেষ করে মান্নতের সব কর্মীদের সঙ্গে প্রতি মুহূর্তে ফোন এবং হোয়াটসঅ্যাপের মাধ্যমে যোগাযোগ রাখেন তার মা।

ঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখার থেকে মন্নতের প্রতিদিনের খাবারের ম্যানু বলে দেয়া সবই নাকি করেন শাহরুখের শাশুড়ি।

গৌরী মনে করেন, এভাবে এক ঢিলে দুই পাখি মারার কাজ হয়ে যায়। কারণ একদিকে তার মায়ের সময় কেটে যায়, অন্যদিকে কর্মীরাও সুষ্ঠভাবে কাজ করতে পারেন।

## আসছে রজনীকান্তের সিনেমা: চেন্নাই-বেঙ্গালুরুতে ছুটি, মিলছে ফ্রি টিকেটও!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রায় দুই বছর পর দক্ষিণী সুপারস্টার রজনীকান্তের সিনেমা মুক্তি পাচ্ছে। দশ আগস্ট মুক্তি পেতে যাওয়া সিনেমা 'জেইলার' দেখতে চেন্নাই ও ব্যাঙ্গালুরুর অফিসগুলো ১০ আগস্ট ছুটি ঘোষণা করেছে। পাশাপাশি কোনো কোনো অফিসের পক্ষ থেকেই কর্মীদের দেওয়া হয়েছে ফ্রি টিকেটও।

২০০ কোটি রুপির বাজেটে 'জেইলার' সিনেমা নির্মাণ করেছেন নেলসন। অ্যাকশন ঘরানার এই ছবিতে রজনীকান্তের সঙ্গে আছেন জ্যাকি শ্রফ, প্রিয়াঙ্কা মোহন, শিব রাজকুমার, তামান্না ভাটিয়া, রাম্য কৃষ্ণান, যোগী বাবু। এছাড়া মালায়লাম তারকা মোহনলালকে দেখা যাবে অতিথি চরিত্রে।

এবারই নতুন নয় অতীতেও রজনীকান্তের সিনেমা দেখতে ছুটি ঘোষণার ঘটনা ঘটেছে।

বৃহস্পতিবার বিশ্বজুড়ে মুক্তি পাবে জেইলার। দুই বছর পর সিনেমায় ফিরছেন রজনীকান্ত এমন খবরে দক্ষিণ ভারতে খুশির আমেজও বিরাজ করছে। রজনী ভক্তরা প্রিয় তারকার ফেরা রাঙাতে করছেন নানা আয়োজন।

## নারী বিশ্বকাপে
# শেষ আট নিশ্চিত করল যারা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** অস্ট্রেলিয়া-নিউজিল্যান্ডে অনুষ্ঠিত নারী বিশ্বকাপে শেষ আটে ওঠার লড়াইয়ে গতকাল গ্রুপপর্বে চমক দেখানো মরক্কোকে ৪-০ গোলের বড় ব্যবধানে হারিয়ে শেষ দল হিসেবে কোয়ার্টার ফাইনালের টিকিট নিশ্চিত করেছে ফ্রান্স। এদিকে দিনের অপর ম্যাচে জ্যামাইকাকে ২-০ গোলে হারিয়েছে ল্যাটিন আমেরিকার দেশ কলম্বিয়া। আগামি শুক্রবার থেকে মাঠে গড়াবে ৩২ দল নিয়ে আয়োজিত এবারের নারী বিশ্বকাপের শেষ আটের লড়াই।

শেষ আটে ওঠার সর্বশেষ লড়াইয়ে আটলাস লায়ন্সদের বিপক্ষে সহজ জয় পায় ইউরোপের দেশ ফ্রান্স। অ্যাডিলেডের হিন্দমার্শ স্টেডিয়ামে ম্যাচের শুরু থেকেই আধিপত্য বিস্তার করে খেলতে থাকে ফরাসিরা। বিশ্বকাপে এইচ গ্রুপে নিজেদের প্রথম ম্যাচে জামার্নির কাছে ৬-০ গোলে বিধ্বস্ত হওয়ার পরও টানা দুই জয়ে প্রথমবারের মত নকআউট পর্বে ওঠে মরক্কো। কিন্তু র‌্যাঙ্কিংয়ে যোজন যোজন এগিয়ে থাকা ফরাসিরা ম্যাচের শুরু থেকেই একের পর এক আক্রমণ চালাতে থাকে। তার ফলস্বরূপ ম্যাচের ১৫ মিনিটের মাথায় কাদিয়াতো দিয়ানির দারুণ পাসে গোল করে ফ্রান্সকে লিড এনে দেন কারচাওই।

এর পাঁচ মিনিট পরেই এবার কেনজা ডালিকে দিয়ে গোল করান দিয়ানি। ম্যাচের ২৩ মিনিটের মাথায় ডালির দুর্দান্ত থ্রু বলে গোল করে ফরাসিদের ৩-০ গোলে এগিয়ে দেন ইউজিনি লি সমার। তিন গোলের লিড নিয়েই বিরতিতে যায় ফ্রান্সের মেয়েরা। বিরতির পর ক্রমাগত গোলের চেষ্টা করতে থাকলেও গোল ফরাসিদের রক্ষন কোনভাবেই ভাঙতে পারছিলেন না আটলাস লায়ন্সরা। উল্টো ম্যাচের ৭০ মিনিটের মাথায় বেচোর পাসে লি সমার নিজের দ্বিতীয় ও দলীয় গোল করলে পরাজয় নিশ্চিত হয়ে যায় মরক্কোর। ৪-০ গোলের ব্যবধানে জয় নিয়েই শেষ আটে পা রাখে ফরাসি মেয়েরা। শেষ আটে তাদের প্রতিপক্ষ স্বাগতিক অস্ট্রেলিয়া।

মেলবোর্নে দিনের প্রথমম্যাচে নারী ফুটবল বিশ্বকাপে ইতিহাস গড়ে নিজেদের প্রথম কোয়ার্টার ফাইনালে ওঠে কলম্বিয়া। গ্রুপপর্বে 'এইচ' গ্রুপ থেকে দুই জয়ে ৬ পয়েন্ট গ্রুপসেরা হয়েই শেষ ষোলোয় ওঠে ল্যাটিন আমেরিকার দেশটি পুরো টুর্নামেন্টে চমক দেখানো জ্যামাইকা এবারই প্রথম নাম লেখায় নকআউট পর্বে। গ্রুপপর্বে একটি গোলও তারা হজম করা দলটি গতকালও নিজেদের রক্ষণভাগকে জমাট রাখতে সফল হয় শুরু থেকেই। গোল বাঁচাতে প্রথমার্ধেই ভারি ট্যাকলে চাপে রেখেছিল দলটি। ম্যাচে শটের তুলনায় জ্যামাইকার ফাউলের সংখ্যাই ছিল বেশি।

জ্যামাইকার শরীর নির্ভর ফুটবলে বিরক্ত হয়ে রেফারি ৫ মিনিটে বের করেন দুটি হলুদ কার্ড। তবে অপেক্ষাকৃত গোছানো ফুটবল খেলতে থাকা কলম্বিয়ার পরিষ্কার সুযোগটি আসে ম্যাচের ৩৮ মিনিটে। কিন্তু কলম্বিয়ার আক্রমনভাগের খেলোয়াড় জোরলিন কারাবালি লক্ষ্যভেদ করতে ব্যর্থ হন। গোলশুন্য প্রথমার্ধের পর গোলমুখ উন্মুক্ত হয়েছে আনা মারিয়া গুজমানের কল্যাণে। ১৮ বছর বয়সি ফুল ব্যাকের জায়গা মতো দেয়া লং ক্রস থেকেই বাম পায়ের শটে জয়সূচক গোলটি পান ক্যাটালিনা উসমে। তবে তিন মিনিট পরেই জ্যামাইকার সুবর্ণ সুযোগ পায় সমতা ফেরানোর। কিন্তু মিডফিল্ডার জডি ব্রাউনের হেড জাল কাঁপাতে পারেনি। শেষ পর্যন্ত অধিনায়ক উসমের একমাত্র গোলেই ১-০ ব্যবধানে জয় নিয়ে মাঠ ছাড়ে ল্যাটিন আমেরিকা থেকে একমাত্র দেশ হিসেবে এখনো বিশ্বকাপে টিকে থাকা কলম্বিয়া। শেষ আটে তাদের প্রতিপক্ষ ইউরোপিয়ান চ্যাম্পিয়ন ইংল্যান্ড।

আগামি শুক্রবার শেষ আটের লড়াইয়ে মাঠে নামবে স্পেন ও নেদারল্যান্ডস। এর আগে শেষ ষোলোর প্রথম ম্যাচে অকল্যান্ডে সুইজারল্যান্ডকে ৫-১ গোলে উড়িয়ে দিয়ে প্রথমবারের মতো বিশ্বকাপের কোয়ার্টার ফাইনাল নিশ্চিত করে নেয় স্পেন। অপরদিকে দক্ষিণ আফ্রিকাকে ২-০ গোলে হারিয়ে কোয়ার্টার ফাইনাল নিশ্চিত করে গতবারের রানার্সআপ নেদারল্যান্ডস। একই দিনে দ্বিতীয় কোয়ার্টার ফাইনালে মুখোমুখি হবে জাপান ও সুইডেন। নরওয়েকে ৩-১ গোলে হারিয়ে পরের রাউন্ডে পা রাখে এশিয়া থেকে একমাত্র বিশ্বকাপের শিরোপা জেতা দেশ জাপান।

অপরদিকে বর্তমান চ্যাম্পিয়ন্স যুক্তরাষ্ট্রকে হারিয়ে শেষ আট নিশ্চিত করে সুইডেন। নির্ধারিত ও অতিরিক্ত সময়ে খেলা গোলশূন্য ড্র থাকায় শেষপর্যন্ত টাইব্রেকারে ৫-৪ ব্যবধানে হেরে হ্যাটট্রিক শিরোপা জয়ের মিশন থেকে খালি হাতেই ফিরতে হয় মার্কিনিদের। এরপর আগামি শনিবার কোয়ার্টার ফাইনালে মুখোমুখি হবে স্বাগতিক অস্ট্রেলিয়া ও ফ্রান্স। ডেনমার্ককে ২-০ গোলে হারিয়ে শেষ আট নিশ্চিত করে স্বাগতিক সকারুজরা লড়বে মরক্কোকে হারিয়ে শেষ আটে ওঠা ফরাসিদের বিপক্ষে। দিনের অপরম্যাচে ইংল্যান্ডের বিপক্ষে মাঠে নামবে ল্যাটিন আমেরিকান পরাশক্তি কলম্বিয়া। নির্ধারিত ও অতিরিক্ত সময়ে খেলা গোলশূন্য ড্র থাকায় শেষ পর্যন্ত টাইব্রেকারে ৪-২ ব্যবধানে হারিয়ে শেষ আটের টিকেট নিশ্চিত করেছে ইংল্যান্ডও। জ্যামাইকাকে হারিয়ে প্রথমবারের মতো শেষ আটে ওঠা দলটির কঠিন পরীক্ষাই নিতে চলেছে বর্তমান ইউরো চ্যাম্পিয়ন থ্রি লায়ন্সরা।

শেষ আটের সূচি
ম্যাচ তারিখ সময়
স্পেন-নেদারল্যান্ডস ১১ আগস্ট সকাল ৭টা
জাপান-সুইডেন ১১ আগস্ট দুপুর ১.৩০টা
অস্ট্রেলিয়া-ফ্রান্স ১২ আগস্ট দুপুর ১টা
ইংল্যান্ড-কলম্বিয়া ১২ আগস্ট বিকাল ৪.৩০টা

# ফুটবলের হারিয়ে যাওয়া তারা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ফুটবলের আকাশে কত তারার আসা-যাওয়া; কেউ যুগ যুগ ধরে সেখানে আলো ছড়িয়ে যান, কেউ আবার কয়েক বছর পর হাওয়ায় মিলিয়ে যান। তবে জ্বলার পর নিভে যাওয়া তারাদের মানুষ একেবারে ভুলতে পারে না। তেমনই তিন তারার আলো-ছায়ার গল্পটা সমকাল পাঠকদের সামনে তুলে ধরেছেন জহির উদ্দিন মিশু

**গোল্ডেনবয় রদ্রিগেজ**

২০১৪ ব্রাজিল বিশ্বকাপের দিনগুলো ফুটবলপ্রেমীদের নিশ্চয়ই মনে থাকার কথা। বিশ্বকাপের ঠিক আগে মোনাকোর বিস্ময়বালক হামেস রদ্রিগেজকে নিয়ে তুমুল আলোচনা। ট্রান্সফার উইন্ডোতে সোপ অপেরায় রূপ পায় তাঁর রিয়াল মাদ্রিদে যাওয়ার গুঞ্জন। শেষ পর্যন্ত বিশ্বকাপের আগেই লস ব্লাঙ্কোসদের সঙ্গে কথাবার্তা চূড়ান্ত হয়ে যায় হামেসের। তখন তাঁর বয়স মাত্র ২৩। তরুণদের দলে ভেড়ানোর ঐতিহ্যটা রিয়ালের পুরোনো। তারা হামেসের বেলায়ও একই কাজ করে। তখন এই কলম্বিয়ানের বাজারমূল্য ছিল ৬০ মিলিয়ন ইউরো। কিন্তু তাঁকে নিতে আরও কয়েকটি ক্লাব আগ্রহ দেখায়। সে জন্য দামটা বাড়িয়ে ৭৫ মিলিয়ন ইউরো খরচ করে হামেসকে নিজেদের করে নেয় রিয়াল। নতুন ক্লাবে যোগদানের আনুষ্ঠানিকতা বিশ্বকাপের পর। এমন ভাবনা নিয়েই বিশ্বকাপের মঞ্চে পা রাখেন হামেস। এরপরের দৃশ্যটা সবার জানা। কলম্বিয়া শেষ ষোলো থেকে বিদায় নিলেও হামেস গুনে গুনে করেন ৬ গোল, যা কিনা ওই আসরের সর্বোচ্চ। তাতে গোল্ডেন বুটও যায় তাঁর হাতে। এরপর তো রিয়ালে দাপট দেখানো। ছিলেন ২০২০ অবধি। কিন্তু ফর্মের কিছুটা হেরফেরে তাঁকে আর রাখেনি রিয়াল। এরপর আর নিজের ফর্মটা ফিরে পাননি। সর্বশেষ ব্রাজিলের ক্লাব সাও পাওলোতে যোগ দিয়েছেন হামেস।

**সুপার আলি**

ডেলে আলির ক্যারিয়ারটা ছিল যুদ্ধের। ব্যক্তি জীবনেও তিনি লড়াকু এক যোদ্ধা। সেই শৈশব থেকে নানা বাধা-বিপত্তি জয় করে ইংল্যান্ডের ফুটবল দলে জায়গা করে নেন। সেখানেও বেশি দিন স্বমহিমায় থাকা হয়নি, খেলা হয়নি বেশি ম্যাচ। কোচের সঙ্গে বৈরিতা, সতীর্থদের নাক ছিটকানো আর দুঃস্বপ্নের অতীত বারবার তাঁর হৃদয়কে করেছে ক্ষত-বিক্ষত। কয়দিন আগে যখন হন্যে হয়ে ক্লাব খুঁজছেন, তখন এক সাক্ষাৎকারে এসব দিক নিয়ে কথা বলেন আলি। জানান, ছোটবেলায় যৌন হয়রানির শিকারও হতে হয়েছে তাঁকে। তবু সব হতাশা বুকের মধ্যে চেপে ছুটেছেন স্বপ্ন জয়ের আশায়। সুপার আলি টটেনহামের ড্রেসিংরুমে খুব ভালোবেসে কয়েকজন সতীর্থ তাঁকে এই নামে ডাকতেন। ভীষণ চনমনে স্বভাবের আলির বর্ণিল সময়টা ছিল স্পার্সদের সঙ্গেই। গোল করে দুর্দান্ত উদযাপন, কিংবা বল বানিয়ে দিয়ে টাচলাইনের দিকে ভোঁ দৌড়, সেসব দৃশ্য এখন হয়তো ভিডিওতে দেখেন আলি। ২০১৫ সালে টটেনহামে যোগ দেওয়ার পর ২০২২ পর্যন্ত সেখানেই ছিলেন। শেষটা তাঁর ছিল না রঙিন। ২০০ ছুঁইছুঁই ম্যাচ খেলে অর্ধশতাধিক গোল করা আলিকে ছুড়ে ফেলে টটেনহাম। সর্বশেষ তুরস্কের বেসিকতাসে নাম লিখিয়ে আবার এভারটনে ফিরতে হলো। এখন বাকি দিন কীভাবে কাটবে, সেটাই বোধহয় ভেবে কূল পাচ্ছেন না ২৭ বছর বয়সী এই অ্যাটাকিং মিডফিল্ডার।

**ক্লজমেকার হ্যাজার্ড**

ছবির মতো সুন্দর সময় ছিল এডেন হ্যাজার্ডের, যখন তিনি চেলসিতে। ক্লজদের মেকারও বলা যায় তাঁকে। পুরো মাঠ একাই নিয়ন্ত্রণ করেছেন। সবচেয়ে কার্যকরী ড্রিবলার এবং প্লেমেকারও হন প্রিমিয়ার লিগে। সাত বছরের স্টামফোর্ড ব্রিজ অধ্যায়ে ১৪৪১ বার কেবল গোলের সুযোগই তৈরি করেন। ৯০৯টি সফল ড্রিবলিং, যা কিনা প্রিমিয়ার লিগের ইতিহাসে বড় তারকাদেরও নেই। সেই হ্যাজার্ড হঠাৎ হারিয়ে গেলেন। রিয়াল রেকর্ড ফি দিয়ে তাঁকে কিনেছিল। মৌসুমের পর মৌসুম চোট আর অফফর্মের সাগরে হাবুডুবু খেয়ে মাদ্রিদ ছাড়তে হলো। এখন নেই কোনো ক্লাবের সঙ্গেও।

## শতভাগ ফিটনেস ফিরে
# পাওয়ার অপেক্ষায় ডে ব্রুইনে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে পাওয়া চোট কাটিয়ে কেভিন ডে ব্রুইনের মাঠে ফেরার কথা ছিল আরও পরে। তবে এর আগেই সুস্থ হয়ে উঠেছেন এই তারকা, বদলি হিসেবে নেমে খেলে ফেলেছেন একটি ম্যাচও। ম্যানচেস্টার সিটি মিডফিল্ডার এখন আছেন শতভাগ ফিটনেস ফিরে পাওয়ার অপেক্ষায়।

সবশেষ মৌসুমে সিটির 'ট্রেবল' জয়ে গুরুত্বপূর্ণ অবদান রাখেন ডে ব্রুইনে। ১০টি গোল করার পাশাপাশি সতীর্থদের দিয়ে করান ৩১টি গোল। ইউরোপ সেরার মঞ্চের ফাইনালে ইন্টার মিলানের বিপক্ষে প্রথমার্ধে চোট পান এই বেলজিয়ান। এরপর থেকে ছিলেন মাঠের বাইরে। চ্যাম্পিয়ন্স লিগ ফাইনালের পর ডে ব্রুইনে বলেছিলেন, বড় চোটে পড়ার শঙ্কা আছে জেনেও তিনি খেলা চালিয়ে গেছেন। চোটের কারণে গত জুনে বেলজিয়ামের ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের বাছাইয়ের ম্যাচ খেলতে পারেননি ৩২ বছর বয়সী এই মিডফিল্ডার।

অবশেষে মাঠে ফেরেন গত রবিবার, আর্সেনালের বিপক্ষে কমিউনিটি শিল্ডের ম্যাচ দিয়ে। দ্বিতীয়ার্ধে তাকে নামানো হয় বদলি হিসেবে। ৭৭তম মিনিটে ডে ব্রুইনের হেড থেকে বল পেয়ে দলকে এগিয়ে দেন কোল পালমার। যোগ করা সময়ে সমতা টানার পর টাইব্রেকারে জিতে চ্যাম্পিয়ন আর্সেনাল। ওই ম্যাচের পর ডে ব্রুইনে বলেন, আগের মতোই এবারও তিনি দ্রুত সেরে উঠেছেন।

তিনি বলেন, শতভাগ ফিট হওয়ার ক্ষেত্রে) আমি নির্ধারিত সময়ের চেয়ে অনেক এগিয়ে আছি। আমার সম্ভবত সেভিয়ার বিপক্ষে (উয়েফা সুপার কাপ) ম্যাচের কাছাকাছি সময়ে ফেরার কথা ছিল। আমি কেবল গ্রীষ্মটা উপভোগ করেছি, আমার চোট নিয়ে কাজ করেছি। এরপর আমি ফিরে আসি এবং স্ক্যানের ফল ভালো ছিল, তাই আমি জাপানে অধিকাংশ সময়ে একাই অনুশীলন করেছি। সেটা ভালো হয়েছে, আমি খুশি। আপনি জানেন না চোটটা কেমন হবে। অতীতে আমি সবসময়ই বেশ দ্রুত সেরে উঠেছি।

## হঠাৎ অবসরের
# ঘোষণা হেলসের



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** মাদক সেবনের জন্য তিন বছর নির্বাসিত হয়েছিলেন আন্তর্জাতিক ক্রিকেট থেকে। গত বছর আবার ফিরেছিলেন ইংল্যান্ডের জাতীয় টিমে। গত বছর অস্ট্রেলিয়ায় টি-টোয়েন্টি বিশ্বকাপে ইংল্যান্ডকে চ্যাম্পিয়ন করার পিছনে ছিল তাঁর অবদান।

ভারতের বিরুদ্ধে সেমিফাইনালে ম্যাচ জেতানো ৮৬ রানের অপরাজিত ইনিংসও খেলেছিলেন। সেই অ্যালেক্স হেলস হঠাৎই অবসর নিয়ে নিলেন আন্তর্জাতিক ক্রিকেট থেকে। অবশ্য ক্রিকেট থেকে সরছেন না। ৩৪ বছরের ক্রিকেটার নটিংহ্যামশায়ারের হয়ে সাদা বলের ক্রিকেট খেলবেন।

বিশ্বের নানা ফ্যাঞ্চাইজি লিগেও খেলবেন। অ্যালেক্সের মতো ক্রিকেটার হঠাৎ কেন সরে গেলেন, তা নিয়ে কিন্তু প্রশ্ন উঠছে।

দেশের হয়ে খেলেছেন ১১টা টেস্ট। ৭০টা ওয়ান ডে ম্যাচ খেলে ২৪১৯ রান করেছেন তিনি। ৭৫টা টি-টোয়েন্টি খেলে করেছেন ২০৭৪ রান। দুটো ফর্ম্যাটে মোট ৭টা সেঞ্চুরি ও ২৬টা হাফসেঞ্চুরি করেছেন অ্যালেক্স। তিনি ২০১৪ সালে শ্রীলঙ্কার বিরুদ্ধে ৬৪ বলে ১১৬ নট আউট করেছিলেন, যা ছিল ইংল্যান্ডের হয়ে প্রথম টি-টোয়েন্টি সেঞ্চুরি।

২০১৯ সালে ঘরের মাঠে বিশ্বকাপের আগে ডোপ টেস্টে ধরা পড়েছিলেন। কেরিয়ারে তা ছিল বিরাট ধাক্কা। টিম ম্যানেজমেন্টের আস্থাও ভেঙেছিলেন। মাঠের বাইরে তাঁর আচরণ নিয়ে উঠেছে বারবার প্রশ্ন। কিন্তু সেখান থেকে আবার পারফর্ম করে ফিরেছিলেন টিমে।

# বাবরকে 'বিয়ে' করতে চান রমিজ রাজা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** চলমান লঙ্কা প্রিমিয়ার লিগে রানের ফোয়ারা ছোটাচ্ছেন বাবর আজম। তার দুর্দান্ত পারফরম্যান্সে মুগ্ধ সবাই। স্বদেশির এমন পারফরম্যান্স দেখে বেশ উৎফুল্ল পাকিস্তানের সাবেক ব্যাটার ও ধারাভাষ্যকার রমিজ রাজা।

বাবরের পারফরম্যান্স দেখে প্রশংসা করতে কমতি রাখেননি পাকিস্তানের সাবেক ক্রিকেটার রমিজ রাজা। তবে তিনি হয়তো কিছুটা বেশিই প্রশংসা করে ফেলেছেন এবার। প্রশংসা করতে গিয়ে বাবরকে বিয়ের প্রস্তাবই দিয়ে ফেলেছেন রমিজ রাজা।

সোমবার গল টাইটান্সের বিপক্ষে কলম্বো স্ট্রাইকার্সের হয়ে তাণ্ডব চালিয়েছেন বাবর। খেলেছেন ৫৯ বলে ১০৪ রানের ম্যাচজয়ী ইনিংস। তার অপরাজিত সেঞ্চুরিতেই এক বল হাতে রেখে জয়ের বন্দরে পা রাখে কলম্বো।

বাবরের প্রশংসায় রমিজ বলেন, 'নিরাপত্তা, ক্লাস, মান, শান্ত থাক্সএমন পরিস্থিতিতে সেই আপনার লোক, যে ইনিংসকে টেনে নিতে পারবে।' পাশে থাকা আরেক ধারাভাষ্যকার রমিজকে তখন বলেন, 'তোমার আরও বিশেষণ যোগ করা উচিত।' সে কথার পরই রমিজ বলে ওঠেন, 'আমি স্রেফ তাকে ভালোবাসি, তাকে বিয়ে করতে চাই।' রমিজের এমন মন্তব্যের ভিডিও ক্লিপ সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়তেই তা ভাইরাল হয়ে যায়।

এলপিএলে এবারই প্রথম খেলছেন বাবর। এলপিএলে সর্বোচ্চ রান সংগ্রাহক এখন বাবর। ৫২.৭৫ গড়ে ২১১ রান করেছেন তিনি। চার ম্যাচে ৪ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার তিনে রয়েছে কলম্বো স্ট্রাইকার্স। দুটি করে ম্যাচ জিতেছেন ও হেরেছেন তারা।

## মেসির ট্রান্সফার নিয়ে প্রশ্ন তুলেই কি
# সেই গোলরক্ষকের চুক্তি বাতিল?



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ইউরোপ কাঁপিয়ে লিওনেল মেসি এখন দাপট দেখাচ্ছেন মার্কিন লিগে। সম্প্রতি ফ্রান্সের পিএসজি থেকে চলে যান আমেরিকার ইন্টার মায়ামি ক্লাবে।

মেসি মায়ামিতে যোগ দেওয়ার পর থেকেই যুক্তরাষ্ট্রের ফুটবলে যেন নতুন হাওয়া লেগেছে। প্রাণ ফিরে পেয়েছে মার্কিন লিগ। দর্শক সংখ্যা বেড়েছে উল্লেখযোগ্য হারে। এরই মধ্যে চার ম্যাচে মেসি করেছেন সাত গোল। তার ফুটবল জাদুতে মুগ্ধ আমেরিকা। মাঠে ও মাঠের বাইরে দুই জায়গাতেই এখন চলছে মেসি-ম্যানিয়া।

তবে বিশ্বকাপের মাত্র ছয়মাস পর, ফর্মের তুঙ্গে থাকা অবস্থায় মেসির এই যুক্তরাষ্ট্র যাত্রা মেনে নিতে পারেননি অনেকেই। এমনকি মেসির এই সিদ্ধান্ত নিয়ে নেতিবাচক মন্তব্যও করেছেন অনেকেই। তেমনই একজন ছিলেন স্বয়ং ইন্টার মায়ামির ডাচ গোলরক্ষক নিক মার্সম্যান। যদিও মেসির না, তার সমালোচনার কেন্দ্রে ছিল ক্লাব ইন্টার মায়ামি। কিন্তু সেই সমালোচনা সম্ভবত ভালোভাবে নেয়নি ক্লাব কর্তৃপক্ষ। মেসিকে দলে টানা এক মাসের মধ্যেই মার্সম্যানের সাথে চুক্তি বাতিল করেছে ইন্টার মায়ামি।

জুনে ইএসপিএনকে নিক মার্সম্যান বলেছিলেন, মেসিকে দলে টানার জন্য এখনই প্রস্তুত না ইন্টার মায়ামি। ক্লাবের অবকাঠামো এবং নিরাপত্তা নিয়েই প্রশ্ন তুলেছিলেন এই ডাচ গোলরক্ষক, 'ব্যক্তিগতভাবে আমি মনে করি এই ক্লাব এখনো মেসির আগমনের জন্য প্রস্তুত নয়। আমাদের স্টেডিয়াম অস্থায়ী, মানুষ মাঠে চলে আসে। কোনো ফটক নেই। আমরা নিরাপত্তা ছাড়াই স্টেডিয়াম থেকে বের হই। আমি মনে করি তারা (মায়ামি) এখনো প্রস্তুত নয়। কিন্তু আমরা আশা করছি, সে আসবে।'

৩২ বছর বয়সী ডাচ গোলকিপার মার্সম্যান মেজর লিগ সকারের দল ইন্টার মায়ামিতে নাম লিখিয়েছিলেন ২০২১ সালে। ফেইনুর্ড থেকে মায়ামিতে নাম লেখানোর পর যুক্তরাষ্ট্রের ক্লাবটির হয়ে ২৯টি ম্যাচ খেলেছেন মার্সম্যান।

মার্সম্যানের মন্তব্য অবশ্য মেসির সাথে মায়ামির চুক্তিতে প্রভাব ফেলেনি। মেসি ঠিকই এসেছেন ইন্টার মায়ামিতে। তাকে বরণও করা হয়েছে রাজকীয়ভাবে।

## মেসির ক্লাব মায়ামিতে
# যাচ্ছেন না ইনিয়েস্তা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ইন্টার মায়ামিকে 'বার্সার মায়ামি শাখা' বানাতে চেয়েছিল ডেভিড ব্যাকহামরা। দলটির জার্সিতে সার্জিও বুসকেটস-জর্ডি আলবাকে সতীর্থ হিসেবে পেয়েছেন লিওনেল মেসি। যাদের দুজনের সঙ্গে দীর্ঘ সময় বার্সেলোনায় কাটিয়েছেন আর্জেন্টাইন সুপারস্টার। ক্লাবটির কোচ হিসেবে দায়িত্ব পেয়েছেন বার্সেলোনারই সাবেক কোচ জেরার্ডো টাটা মার্টিনো।

গুঞ্জন ছিল আরও এক বার্সা সতীর্থের সঙ্গে মায়ামিতে পুনঃমিলন হবে মেসির। তিনি আন্দ্রেস ইনিয়েস্তা। তবে সেই গুঞ্জন খুব সম্ভবত বাস্তবে রূপ নিচ্ছে না। সংযুক্ত আরব আমিরাতের প্রো লিগের দল এমিরেটস ক্লাব এফসিতে যোগ দিতে যাচ্ছেন ইনিয়েস্তা।

স্প্যানিশ সংবাদমাধ্যম মুন্দো দিপোর্তিভোর সংবাদ অনুযায়ী, রাস আল-খাইমাহ শহরের ক্লাব এমিরেটস ক্লাব এফসির সঙ্গে চুক্তিতে স্বাক্ষর করতে এরমধ্যেই দুবাই পৌঁছেছেন ইনিয়েস্তা। আপাতত ক্লাবটির সঙ্গে এক বছরের চুক্তি করতে যাচ্ছেন তিনি। তবে দুই পক্ষের সম্মতিতে আরও এক বছর বাড়ানোর বিকল্প থাকছে চুক্তিতে।

জাপানের জে-লিগের দল ভিসেল কোবের সঙ্গে এ মৌসুমেই চুক্তির মেয়াদ শেষ হয়েছে ইনিয়েস্তার। এখন তিনি ফ্রি এজেন্ট। ২০১৮ সালে বার্সেলোনা ছেড়ে জাপানের ফুটবলে যোগ দিয়েছিলেন কিংবদন্তি এই মিডফিল্ডার। ক্লাব বদলালেও এবারও এশিয়াতেই থেকে যাচ্ছেন তিনি।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR